# প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

২০২২, ৭ম সংখ্যা





প্রিমিয়ার ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী

## উচ্চশিক্ষার মাধ্যমে লাভ হয় আমাদের মনোজাগতিক উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি বলেন, শিক্ষা শুধুমাত্র কোনো সনদ নেওয়ার প্রতিযোগিতা নয়, কর্মজীবনের জন্য একমাত্র উদ্দেশ্যও নয়। প্রাথমিকভাবে যে-বিষয়টি শিক্ষার মাধ্যমে, বিশেষত, উচ্চশিক্ষার মাধ্যমে লাভ করি, সেটা হচ্ছে আমাদের মনোজাগতিক উন্নয়ন। এর জন্য দরকার, মনোজাগতিক পরিবর্তন, নৈতিকতার পরিবর্তন ও দৃষ্টিভঙ্গির উন্নয়ন। এই তিনটি বৈশিষ্ট্য আমাদের দীর্ঘ শিক্ষাজীবন শেষে যদি না আসে, তাহলে ধরে নিতে হবে শিক্ষাটা সত্যিকার অর্থে বৃথা ছিল। গ্র্যাজুয়েট যাঁরা আজকের সমাবর্তনে উপস্থিত আছেন, সকলের উদ্দেশ্যে আমাদের নিবেদন হচ্ছে, আমরা দীর্ঘ শিক্ষাজীবন শেষেও সুনির্দিষ্ট পরিবর্তনগুলোকে গ্রহণ করে পুরো জীবনব্যাপী শিখে যাবো। আমাদের বর্তমান শিক্ষার গুরুত্বপূর্ণ দর্শন হচ্ছে, লাইফ লং লার্নিং এবং লার্নিং হাউ টু লার্ন। বিশ্ববিদ্যালয়ের সনদ পেয়েছি বলেই অনেকের কর্মসংস্থান হয়েছে। কর্মরত অবস্থায় যাঁরা আছেন, তাঁদের কাজের উন্নয়নে, পেশার উন্নয়নে, বৃত্তির উন্নয়নে সার্বিকভাবে অনেককিছু শিখতে হচ্ছে। গ্র্যাজুয়েটদের উদ্দেশ্যে অনুরোধ থাকবে যে, প্রাতিষ্ঠানিক শিক্ষা সম্পন্ন করার দক্ষতা ও বৃত্তির সঙ্গে সম্পর্কিত নানা ধরনের প্রশিক্ষণ নেওয়ার মানসিকতা অর্জন করতে হবে। তা না হলে, যে কোনো পেশায় আমরা যাই না কেন, যে কোন বৃত্তিতেই যাই না কেন, জীবন ধারণ করা ও কর্ম সম্পন্ন করা কঠিন হয়ে পড়বে। উচ্চশিক্ষায় বৈপ্লবিক পরিবর্তনের জন্য বঙ্গবন্ধু-কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে-ঘোষণা দিয়েছেন, আমরা ইতোমধ্যেই তার সুনির্দিষ্ট নীতিমালা প্রয়োগ করতে যাচ্ছি। অ্যাক্রেডিটেশন কাউন্সিল ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের মাধ্যমে আমরা এই পলিসি বাস্তবায়ন করছি। ৩০ অক্টোবর ২০২২, চট্টগ্রামের নেভি কনভেনশন সেন্টারে প্রিমিয়ার ইউনিভার্সিটির তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে তিনি সভাপতির বক্তব্যে এসব কথা বলেন। শিক্ষা উপমন্ত্রী উল্লেখ করেন, উচ্চশিক্ষার জন্য শুধু আউটকাম বেইসড কারিকুলাম নয়, এডুকেশনের ইউনিফর্মেটিও প্রয়োজন। তিনি ভাষাদক্ষতা ও বিভিন্ন ভাষা শেখার প্রয়োজনীয়তাও তুলে ধরেন। তিনি আরও বলেন, প্রত্যেক বিশ্ববিদ্যালয়ে মান নিয়ন্ত্রণের জন্য সেল থাকতে হবে। এটা আমাদের নির্বাচনী ওয়াদা। জ্ঞাননির্ভর অর্থনীতি প্রতিষ্ঠা করার জন্য বঙ্গবন্ধু-কন্যা জননেত্রী শেখ হাসিনা শিক্ষা ও স্বাস্থ্য নিয়ে মৌলিক বিয়ষগুলোর মান উন্নয়নে যে-রূপরেখা (ডেল্টা রূপরেখা) দিয়েছেন, তা বিশ্বব্যাপী সমাদৃত হয়েছে। গ্র্যাজুয়েটদের এই রূপরেখা বাস্তবায়নে অংশগ্রহণ করতে হবে। এই অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন ভারতের বিশিষ্ট শিক্ষাবিদ ও লেখক, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য প্রফেসর ড. পবিত্র সরকার। স্বাগত বক্তব্য রাখেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির *১০ পৃষ্ঠার ১ম ও ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পাঁচদিন ব্যাপী 'বিজয় উৎসব' শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনী শুরু



প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে ১৭ ডিসেম্বর থেকে ২১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত পাঁচদিন ব্যাপী 'বিজয় উৎসব' শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। ১৭ ডিসেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই বিজয় উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট *১৭ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে জাতীয় শোক দিবস পালন এবং 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী

## বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে এবং সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। ১৫ আগস্ট ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ উপলক্ষে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর *৯ পৃষ্ঠার ১ম কলাম*



## ‘Launching Ceremony of UTS-PUC Program’ শীর্ষক অনুষ্ঠান উপলক্ষে ইউটিএস ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সংবাদ সম্মেলন



নগরীর জামালখানে অবস্থিত চট্টগ্রাম প্রেসক্লাবে আলহাজ্ব সুলতান আহমেদ মিলনায়তনে ‘Launching Ceremony of UTS-PUC Program’ শীর্ষক অনুষ্ঠান উপলক্ষে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ১৩ অক্টোবর ২০২২, এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন ইউটিএস-এর চিফ অফিসার পার্টনারশিপস এন্ড গ্রোথ পিটার হ্যারিস, *২০ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে ১৬ ডিসেম্বর ২০২২। এ উপলক্ষ্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারী, গণিত বিভাগ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, আইন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ, পাবলিক হেলথ বিভাগ, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগ ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, ব্যবসা-শিক্ষা অনুষদের অধ্যাপক অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, পাবলিক হেলথ *১২ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মবার্ষিকী উদযাপন

## বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ছেন দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা : ড. অনুপম সেন



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে জাতির জনকের কন্যা দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে। ২৮ সেপ্টেম্বর ২০২২, এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, আমাদের এই বাংলা হাজার বছর পরাধীন ছিল। এই সুদীর্ঘ সময় অনেক শাসক বাংলাকে শাসন করেছে। এসব শাসক শাসক হিসেবে কখনো স্বাধীন, কখনো পরাধীন ছিল বটে; কিন্তু বাংলার মানুষ কখনো স্বাধীনতা পায়নি, স্বাধীনভাবে বাঁচার অধিকার পায়নি। ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের অভ্যুদয়ের পরে বাংলার পরাধীন মানুষের ত্রাণকর্তা হিসেবে আবির্ভূত হন শেখ মুজিবুর রহমান। পাকিস্তান শাসনামলের দীর্ঘ তেইশ বছর তিনি বাঙালির অধিকার আদায়ের জন্য নিরবচ্ছিন্নভাবে আন্দোলন-সংগ্রাম করেছেন, এমনকি এ কারণে প্রায় তেরো বছর কারাবরণও *৯ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্থাপত্য বিভাগের নবম ব্যাচের জুরি

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের নবম ব্যাচের জুরি অনুষ্ঠিত হয়েছে। ২৪ সেপ্টেম্বর ২০২২, অনুষ্ঠিত জুরি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। জুরি বোর্ডে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, সিডিএ-র সাবেক প্রধান নগর পরিকল্পনাবিদ স্থপতি শাহীনুল ইসলাম খান, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক কানু কুমার দাস, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ-চট্টগ্রাম চ্যাপ্টারের ডেপুটি চেয়ারম্যান স্থপতি ফারুক আহমেদ, চট্টগ্রামের বিশিষ্ট স্থপতি বিধান চন্দ্র বড়ুয়া ও প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের শিক্ষকবৃন্দ। জুরি অনুষ্ঠানে মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, শিক্ষার্থীরা কঠোর অনুশীলন ও পরিশ্রমের মাধ্যমে তাদের ডিজাইনকে একটি গ্রহণযোগ্য ও পরিণত পর্যায়ে নিয়ে যায় এবং জুরিতে ড্রইং ও মডেলের মাধ্যমে তা উপস্থাপন করে। উন্মুক্ত এই জুরিতে শিক্ষার্থীরা নানামুখী চিন্তা ও দৃষ্টিভঙ্গির সঙ্গে পরিচিত হয়। স্থাপত্য শিক্ষার মূল উদ্দেশ্য হলো, আগামী দিনের জন্য একজন যোগ্য স্থপতি গড়ে তোলা। প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগ ২০১২ সালে চালু



হওয়ার পর চট্টগ্রাম শহরে স্থাপত্য শিক্ষার সুযোগ সৃষ্টি হয়। তখন থেকে এই স্থাপত্য বিভাগ নিয়মিত শিক্ষাকার্যক্রমের পাশাপাশি সেমিনার, কর্মশালা, প্রদর্শনী ও নানামুখী কর্মকাণ্ডের মাধ্যমে অত্যন্ত উদ্যোগী ভূমিকা *১৩ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন

## বিতর্ক আইনের শিক্ষার্থীদের যুক্তিমনস্কতা ও বিশ্লেষণী ক্ষমতা বাড়ায়




প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের বিতর্ক সংগঠন ডিবেট ক্লাব অফ ল (ডিসিএল)-এর উদ্যোগে আয়োজিত অন্তঃবিভাগ আইন বিতর্ক প্রতিযোগিতা-২০২২ সম্পন্ন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর সহযোগিতায় এবং আইন বিভাগের শিক্ষক সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা ও জাবেদ আরাফাতের সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় ৫০ জন বিতার্কিক একক বিতর্কে অংশ নেন। ০২ এপ্রিল ২০২২, ইউনিভার্সিটির আইন বিভাগে এই প্রতিযোগিতার ফাইনাল বিতর্ক অনুষ্ঠিত হয়। এতে বাংলা পর্বের বিষয় ছিল 'শক্তিশালী ভোক্তা অধিকার সুরক্ষা আইনই পারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ করতে' এবং ইংরেজি পর্বের বিষয় ছিল 'রিসেন্টলি ইনেকটেড সাইবার লস হেভ সিকিউরড এডেকুয়েট সাইবার সিকিউরিটি ইন বাংলাদেশ'। বাংলা বিতর্কে আমির আবদুল্লাহ, আসিফ উদ্দিন, প্রমা রয় যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন। ইংরেজি বিতর্কে আসিফ উদ্দিন, নাসিমা আক্তার, সামুরা ইসলাম আনসারী যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন। আইন *১৮ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি অর্থনীতি বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত



প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী গলিস্থ ভবনে অর্থনীতি বিভাগের উদ্যোগে স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য লাইব্রেরি ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৮ সেপ্টেম্বর ২০২২, বিভাগের চেয়ারপারসন ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই প্রোগ্রামে লাইব্রেরির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের উপ-গ্রন্থাগারিক মোহাম্মদ কাউসার আলম। তিনি নানান তথ্য ও উপাত্তের মাধ্যমে প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরির সামগ্রিক অবস্থা উপস্থাপন করেন। তিনি বলেন, বর্তমান বিশ্ব তথ্য প্রযুক্তির বিশ্ব। যুগের চাহিদার সাথে তাল মিলিয়ে গ্রন্থাগারসমূহের ধারণা ও সংগ্রহ প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। মানবজ্ঞানকে সহজলভ্য করতে ডিজিটাল লাইব্রেরির বিকল্প নেই। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরি কর্তৃক সাবস্ক্রাইবকৃত বিভিন্ন ই-রির্সোসের সাথে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন। তাছাড়া লাইব্রেরি ক্যাটালগ, ইনস্টিটিউশনাল রিপোজিটরি এবং গ্রন্থাগার কর্তৃক সাবস্ক্রাইবকৃত পৃথিবীর বিখ্যাত ডাটাবেস থেকে কীভাবে ই-বুক ও আর্টিক্যাল সার্চ করে ডাউনলোড করে ব্যবহার করতে হয় তা দেখিয়ে দেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির মতবিনিময় সভা

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির প্রতিনিধি দলের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৩ জানুয়ারি ২০২২, অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় প্রতিনিধি দলের মধ্যে ছিলেন মিকাইলা জেমস, পিটার হ্যারিস ও ড. আরিফ জোবায়ের। প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে সভায় অংশগ্রহণ করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক



ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান *২৩ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

## শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-প্রশাসন বিভাগের বিবিএ ৪৪তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ২৬ অক্টোবর ২০২২, অনুষ্ঠিত এই ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রফেসর ড. অনুপম সেন




বলেন, স্কুল-কলেজের শিক্ষাশেষে তোমরা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছো। বস্তুত তোমরা একটা বিশাল ক্ষেত্রে এসেছো। স্কুল-কলেজের শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মধ্যে বড়ো *২১ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার



প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের উদ্যোগে ও ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-র সহযোগিতায় 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৫ সেপ্টেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, টেকসই উন্নয়নের প্রধান দুটি ক্ষেত্র হলো স্বাস্থ্য ও শিক্ষা। এই প্রসঙ্গে তিনি বলেন, ১৯৪৭ সালে তৎকালীন পূর্ববঙ্গে মানুষের গড় আয়ু ছিল ২৮ বছর। বর্তমানে তা বেড়ে ৭২-এ উন্নীত হয়েছে। এর পেছনে যেমন ভূমিকা রয়েছে অ্যান্টিবায়োটিক ঔষধ আবিষ্কারের, তেমনি রয়েছে স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক সামাজিক সচেতনতা বৃদ্ধি এই *৮ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে চালু হচ্ছে ওয়েল্ডিং ট্রেনিং সেন্টার



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকার বিখ্যাত লিংকন ইলেক্ট্রিক কোম্পানির প্রতিষ্ঠান গ্লোবাল এডুকেশনের যৌথ উদ্যোগে চালু হচ্ছে ওয়েল্ডিং ট্রেনিং সেন্টার। প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রবর্তক মোড়স্থ ভবনে ট্রেনিং সেন্টারটি পরিচালিত হবে। ১৯ সেপ্টেম্বর ২০২২, গ্লোবাল এডুকেশনের প্রতিনিধি দল এই ভবনের চতুর্থ তলায় ট্রেনিং সেন্টারটি পরিচালনা করার জন্য নির্মিত অবকাঠামো পরিদর্শন করেছেন। প্রতিনিধি দলের মধ্যে ছিলেন গ্লোবাল এডুকেশনের ডিরেক্টর জেসন স্কেলস, বিজনেস ডেভেলপমেন্টের ডরোথি এ. স্মিড, এক্সপোর্ট সেলসের ডেভিড গ্রুবার, লিংকন ইলেক্ট্রিক কোম্পানি (ইন্ডিয়া)-র সেলস এন্ড মার্কেটিং (ইস্ট এন্ড বাংলাদেশ)-এর সিনিয়র ম্যানেজার কানু মিশ্র এবং এজেডএন কর্পোরেশনের সিইও আবু জহুর নিজাম। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, উপাচার্যের উপদেষ্টা ও চিফ ইঞ্জিনিয়ার জনাব মো. আবু তাহের এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক প্রমুখ। প্রতিনিধি দল ওয়েল্ডিং ট্রেনিং সেন্টারটি পরিচালনা করার জন্য নির্মিত অবকাঠামো পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন।



## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ফ্রেশার্স রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে নতুন সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে ফ্রেশার্স রিসেপশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয় ২৮ সেপ্টেম্বর ২০২২। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপতিত্বে এবং সহকারী অধ্যাপক শাহরিনা আক্তারের তত্ত্বাবধানে অনুষ্ঠিত এই প্রোগ্রামের শুরুতে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। বিভাগের শিক্ষক রাজিব কর্মকারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজন। আলোচনা শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক পর্বের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। সাংস্কৃতিক পর্বে বিভাগের শিক্ষার্থী অর্নি ঘোষ, পপি সর্ববিদ্যা, অন্তিকা চৌধুরী, প্রান্তিকা বড়ুয়া ও অঙ্কিতা দে এবং অতিথি শিশু শিল্পী দিয়ানা আনাম আবৃত্তি, নাচ ও গান পরিবেশন করে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষকদের নিয়ে 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট এন্ড কন্ডাক্টিং অ্যাওয়ার্নেস সেশন' শীর্ষক কর্মশালা

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টরিয়াল বডির উদ্যোগে ও ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-এর সহযোগিতায় ইউনিভার্সিটির শিক্ষকদের নিয়ে 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট এন্ড কন্ডাক্টিং অ্যাওয়ার্নেস সেশন' শীর্ষক এক কর্মশালার প্রথম পর্ব অনুষ্ঠিত হয়েছে। ১২ সেপ্টেম্বর ২০২২, অনুষ্ঠিত এই কর্মশালায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগ, স্থাপত্য বিভাগ, গণিত বিভাগ এবং ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এবং কর্মশালা পরিচালনা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর জনাব আহমদ রাজীব চৌধুরী। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট' অনুসারে শিক্ষকবৃন্দ কীভাবে শিক্ষার্থীদের সুচারু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করবেন, কীভাবে ইউনিভার্সিটিতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখবেন এবং শিক্ষার্থীদের নৈতিক ও মানবিকভাবে গড়ে তুলবেন, সে-ব্যাপারে দিকনির্দেশনা প্রদান করেন। তিনি 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট'-এর 'ব্যাচ এডভাইজারদের ভূমিকা', 'ইভটিজিং প্রতিরোধে নির্দেশনা' 'মাদকবিরোধী সচেতনতা', 'সোশ্যাল মিডিয়া ব্যবহারে সচেতনতা', 'র‍্যাগিংবিরোধী সচেতনতা, সিনিয়র জুনিয়র সম্পর্ক এবং ক্যাম্পাসের পরিবেশ', 'শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের উন্নয়নে নির্দেশনা' প্রভৃতি বিষয়ে আলোকপাত করেন। কর্মশালায় আইকিউএসি-র অতিরিক্ত পরিচালক জনাব মোহাম্মদ ইফতেখার মনির উপস্থিত ছিলেন।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

# বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন




আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন। প্রাচীনকালে বিশ্বের বিভিন্ন দেশে মসলিন রপ্তানি হতো এবং এসব দেশের অভিজাত শ্রেণির মহিলারা ফ্যাশনের জন্য মসলিন পরিধান করতো। ১৮ অক্টোবর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ সভাপতিত্ব ২১ পৃষ্ঠার ২য় কলাম

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ইলেক্ট্রিক্যাল মেশিন এন্ড ইটস এপ্লিকেশন' শীর্ষক পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত



সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে 'ইলেক্ট্রিক্যাল মেশিন এন্ড ইটস এপ্লিকেশন' শীর্ষক দিনব্যাপী পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। শিক্ষার্থীদের পড়ালেখায় মনোযোগী করা ও নিজেদের প্রেজেন্টেশন স্কিল বৃদ্ধির লক্ষ্যে আয়োজন করা হয় এই পোস্টার প্রদর্শনী। এতে সর্বমোট ২২টি পোস্টার প্রদর্শিত হয়। প্রধান অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ তাঁর বক্তব্যে বলেন, প্রকৌশল শিক্ষায় যারা লেখাপড়া করেন তাদের শিক্ষাজীবনের পাশাপাশি কর্মজীবনেও নানা প্রকার প্রেজেন্টেশন দিতে হয়। নতুন পণ্য ডিজাইন করা বলুন কিংবা সেই পণ্যের বিপণন বলুন সবক্ষেত্রেই একটি ভালো প্রেজেন্টেশন অনেক গুরুত্ব বহন করে। আপনি একটি ভালো পণ্য তৈরি করলেন কিন্তু সেই পণ্যের তথ্য বাজারে সুন্দরভাবে যদি প্রদর্শন করতে না পারেন তাহলে পণ্যটির বাজারজাতে অনেক সমস্যা হতে পারে। তাই আমাদের শিক্ষার্থীরা শিক্ষাজীবন থেকেই এ ধরনের প্রদর্শনীতে নিজের পোস্টার প্রেজেন্টেশন করে নিজের কাজকে অন্যের কাছে তুলে ধরতে সক্ষম হচ্ছে। এটি তাদের ভবিষ্যৎ কর্মজীবনে সুফল বয়ে আনবে। অনুষ্ঠানের সভাপতি টুটন চন্দ্র মল্লিক তাঁর বক্তব্যে বলেন, আমাদের ছাত্রছাত্রীরা চাকরি জীবন কিংবা চাকরির ইন্টারভিউতে যাতে খাপ ২২ পৃষ্ঠার ২য় কলাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে

# 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর: অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। ২৯ জানুয়ারি ২০২২, অনুষ্ঠিত এই ওয়েবিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সম্মানিত অতিথি ও প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. আবু তাহের। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল হোসাইন।




প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর সভাপতিত্বে ওয়েবিনারে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, মোগল সম্রাট শাহজাহানের শাসনামলে বিশ্ববিখ্যাত ১২ পৃষ্ঠার ২য় কলাম

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

# ইংরেজি ভাষার সাহিত্যেই এই ভাষার প্রকৃত সৌন্দর্য নিহিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৩৯তম ব্যাচের নবীন বরণ ও ৩৩তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। ০৬ জানুয়ারি ২০২২, আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সম্মানিত অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। বিশেষ অতিথি ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। এছাড়া ৩৩তম ব্যাচের ৮ম সেমিস্টারের কো-অর্ডিনেটর হিসেবে সহকারী অধ্যাপক রোমানা চৌধুরী, ৩৯তম ব্যাচের ১ম সেমিস্টারের কো-




অর্ডিনেটর হিসেবে সহকারী অধ্যাপক সৈয়দ জসিম উদ্দিন ও 'ব্রিকোলাজ' ম্যাগাজিনের সম্পাদক হিসেবে সহকারী অধ্যাপক রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন শিক্ষার্থীদের গভীর ভালোবাসা ব্যক্ত করে বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ২২ পৃষ্ঠার ১ম কলাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স' প্রোগ্রাম চালু

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কলা অনুষদের অধীনে 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (পিজিডিএলআইএস)' প্রোগ্রাম চালু হয়েছে। এই প্রোগ্রাম চালু করার জন্য সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি ইউজিসি থেকে অনুমোদন পেয়েছে। প্রোগ্রামটি ১ বছর মেয়াদে দুই সেমিস্টারের ভিত্তিতে পরিচালিত হবে। উল্লেখ্য, তথ্যই সম্পদ। বর্তমান বিশ্ব তথ্যের বিশ্ব। জ্ঞান ও তথ্যে যে জাতি সমৃদ্ধ সে জাতি তত উন্নত। আর এই তথ্যের সংরক্ষণাগার হলো গ্রন্থাগার, যার কারণে বর্তমান বিশ্বে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান শিক্ষা, গবেষণা এবং পেশার গুরুত্ব বেড়েছে। জ্ঞানভিত্তিক সমাজ তৈরিতে তথ্যসেবায় দক্ষ জনশক্তি সৃষ্টির বিকল্প নেই। আর এর অন্যতম মাধ্যম হচ্ছে গ্রন্থাগার ডিপ্লোমার শিক্ষা কার্যক্রম। বর্তমান সরকার গ্রন্থাগারসমৃদ্ধি ও ডিজিটাল উন্নয়নের দিকে গুরুত্ব দেওয়ায় এই পেশার বিরাট চাহিদা তৈরি হয়েছে। তাছাড়া সারাদেশে অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে হাজার হাজার দক্ষ জনবলের পদ শূন্য রয়েছে। শিক্ষাক্ষেত্রে গ্রন্থাগার ও গ্রন্থাগারিকতা পেশা গুরুত্বপূর্ণ বিধায় বাংলাদেশের শিক্ষার্থীদের ক্রমবর্ধমান চাহিদার কথা বিবেচনা করে প্রিমিয়ার ইউনিভার্সিটি 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (পিজিডিএলআইএস)' প্রোগ্রাম চালু করেছে। দেশে শিক্ষার উন্নয়নে ও দক্ষ পেশাজীবী সৃষ্টিতে এই প্রোগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (পিজিডিএলআইএস)' প্রোগ্রামে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের প্রিমিয়ার ইউনিভার্সিটির স্টুডেন্টস অ্যাফেয়ার্স বিভাগে যোগাযোগের পরামর্শ দেওয়া হয়েছে।

*দৈনিক আজাদী ২৬.০১.২০২২, পৃ. ৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দু'দিন ব্যাপী কোভিড-১৯'এর 'টিকাদান কর্মসূচি' সমাপ্ত

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯-এর অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার দ্বিতীয় ডোজ প্রদান করার জন্য দু'দিন ব্যাপী আয়োজিত 'টিকাদান কর্মসূচি' সমাপ্ত হয়েছে ২৩ জানুয়ারি ২০২২। প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় বাংলাদেশ সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত এই টিকাদান কর্মসূচির শেষদিনে সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের টিকা প্রদান করা হয়। শিক্ষার্থীরা ১ম ডোজ নেওয়ার সময় সরবরাহকৃত টিকা কার্ড ও নিজ নিজ স্টুডেন্ট আইডি কার্ড নিয়ে স্বাস্থ্যবিধি মেনে টিকা গ্রহণ করে। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। তিনি বলেন, বাংলাদেশে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা যেসব পদক্ষেপ গ্রহণ করেছেন, তার মধ্যে টিকাদান কর্মসূচি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। করোনা সংক্রমণ নিয়ন্ত্রণ ও করোনা থেকে সুরক্ষার জন্য সবাইকে অবশ্যই টিকা গ্রহণ করতে হবে এবং মাস্ক পরিধান করতে হবে। টিকাদান কর্মসূচির শেষদিনে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জোনাল মেডিকেল অফিসার ডা. তপন কুমার চক্রবর্তী, ইপিআই টেকনিশিয়ান জনাব মৃণাল দাশ ও স্বাস্থ্যসহকারীবৃন্দ।




## প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব শুরু

প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে শুরু হয়েছে 'নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২২'। 'যুক্তি হোক




সমৃদ্ধির মূলমন্ত্র' এই স্লোগানকে সামনে রেখে ২১ জানুয়ারি ২০২২, অনলাইন মাধ্যমে শুরু হয় এবারের উৎসবের প্রথম আয়োজন তৃতীয় আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা ও তৃতীয় আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা। দেশব্যাপী কোভিড-১৯- এর কারণে উদ্বেগজনক পরিস্থিতির কথা *১৯ পৃষ্ঠার ২য় কলাম*

**প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোভিড-১৯-এর 'টিকাদান কর্মসূচি'তে পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী**

## সরকারের টিকাদান কার্যক্রম ত্বরান্বিত হয়েছে

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষার্থীকে কোভিড-১৯-এর অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকা টিকার দ্বিতীয় ডোজ প্রদান করার জন্য ২২ জানুয়ারি ২০২২ 'টিকাদান কর্মসূচি' শুরু হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরীর সহযোগিতায় বাংলাদেশ সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে দু'দিন ব্যাপী এই কর্মসূচি ২৩ জানুয়ারি পর্যন্ত চলবে। ২২ জানুয়ারি সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিক্ষার্থীদের টিকাদান করা হয়। ২৩



জানুয়ারিও সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত টিকাদান করা হবে। প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বাস্থ্য সুরক্ষার জন্য কোভিড-১৯-এর এই 'টিকাদান কর্মসূচি' গ্রহণ করেছে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ইতিপূর্বে ২২ এবং ২৩ নভেম্বর ২০২১, ১ম ডোজ টিকা গ্রহণ করেছেন। দ্বিতীয় ডোজ টিকা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা ১ম ডোজ নেওয়ার সময় সরবরাহকৃত টিকা কার্ড ও নিজ নিজ স্টুডেন্ট আইডি কার্ড নিয়ে স্বাস্থ্যবিধি মেনে ২২ জানুয়ারি থেকে টিকা গ্রহণ করতে ইউনিভার্সিটি ক্যাম্পাসে আসতে শুরু করে। এই টিকাদান কর্মসূচি উদ্বোধন করেছেন পাবলিক হেলথ বিভাগের অ্যাডভাইজার ডা. সেলিম আকতার চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জোনাল মেডিকেল অফিসার ডা. তপন কুমার চক্রবর্তী, ইপিআই টেকনিশিয়ান জনাব মৃণাল দাশ ও স্বাস্থ্যসহকারীবৃন্দ। উদ্বোধনী বক্তব্য প্রদানকালে ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, সারা বিশ্বকে শঙ্কায় ফেলে দেওয়া করোনার নতুন ধরন ওমিক্রন আমাদের দেশে ছড়িয়ে পড়েছে। এই প্রেক্ষাপটে করোনার যেকোনো সম্ভাব্য *২৩ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কর্তৃপক্ষের সঙ্গে এভারকেয়ার হাসপাতালের প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে এভারকেয়ার হাসপাতালের এক প্রতিনিধি দল। ২২ ফেব্রুয়ারি ২০২২, তাঁরা এই সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের মধ্যে ছিলেন এভারকেয়ার হাসপাতালের চিফ মার্কেটিং অফিসার বিনয় কোল, ডিজিএম-বিজনেস ডেভেলপমেন্টস বিনোদ সিং, ম্যানেজার কর্পোরেট রিলেশনস রামপ্রসাদ সুশীল ও অ্যাসিস্টেন্ট ম্যানেজার কর্পোরেট রিলেশনস রঞ্জন কুমার দাশ। তাঁরা প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে এভারকেয়ার হাসপাতালের চিকিৎসা সুবিধা সংক্রান্ত গুরুত্বপূর্ণ আলাপ-আলোচনা করেন। উল্লেখ্য, ইতিপূর্বে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এভারকেয়ার হাসপাতালের মধ্যে একটি সমঝোতা স্মারক চুক্তি (এমওইউ) স্বাক্ষরিত হয়েছিল। প্রতিনিধি দল বলেন, এই চুক্তির আওতা বাড়ানো হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির সকল কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং তাদের অভিভাবকও এই চুক্তির আওতায় চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন সুযোগ-সুবিধা আগের তুলনায় বেশি প্রাপ্ত হবেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে এসময় উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক এসএম আসিফ ইকবাল।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী

## যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : উপাচার্য ড. অনুপম সেন




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ২৮টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ১৮টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি স্কুল অংশগ্রহণ করে। ২৬ ফেব্রুয়ারি ২০২২, সকাল থেকে দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্ব উদ্বোধন করে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং মতিঝিল সরকারি *১৮ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইন্সটিটিউট (বেরি)'র মতবিনিময় সভা

প্রিমিয়ার ইউনিভার্সিটি, অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইন্সটিটিউট (বেরি)-র যৌথ উদ্যোগে অনলাইনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ২০২২, অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির পক্ষ থেকে এই ইউনিভার্সিটির চিফ পার্টনারশিপ এন্ড





গ্রোথ অফিসার মি. পিটার হ্যারিস, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ড. মেথিউ হল্ট ও স্ট্রাটেজিক প্রজেক্টের ম্যানেজার মিকাইলা জেমস এবং বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইন্সটিটিউট (বেরি)-র পক্ষ থেকে এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা ড. আরিফ জোবায়ের ও টিম লিড এন্ড ম্যানেজার জনাব আলমগির মহিউদ্দিন অংশগ্রহণ করেন। সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইন্সটিটিউট (বেরি)'র মধ্যে শিক্ষা ও গবেষণা সহযোগিতার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষার্থীরা প্রিমিয়ার ইউনিভার্সিটি-ইউটিএস-এর অধীনে বিভিন্ন প্রোগ্রামে ভর্তি হয়ে এক বছর প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অধ্যয়নের পর বাকি সেমিস্টারগুলো ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়াতে সম্পন্ন করে ইউটিএস থেকে ডিগ্রি নেওয়ার সুযোগ পাবে। এই সংক্রান্ত একটি এমওইউ বা সমঝোতা স্মারক চুক্তি সম্পন্ন করার ব্যাপারেও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-শিক্ষা অনুষদে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট-এর উপর কর্মশালা




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-শিক্ষা অনুষদের উদ্যোগে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট-এর উপর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ১২ মার্চ ২০২২। এই কর্মশালা উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার, ব্যবসা-শিক্ষা অনুষদের সমন্বয়ক প্রফেসর একেএম তফজল হক। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, হেড অব এমসিডি (গ্রুপ) জনাব হাসান মোর্শেদ। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক *২২ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগে 'টেকসই উন্নয়নে সমাজবিজ্ঞানের ভূমিকা' শীর্ষক সেমিনার

*৪র্থ পৃষ্ঠার পর*

সচেতনতা বৃদ্ধির পেছনে রাষ্ট্রের সমাজসম্পর্কিত ভূমিকা রয়েছে। সারা দেশব্যাপী ভ্যাকসিনের প্রসার বিশেষভাবে উল্লেখযোগ্য, যা সম্ভব হয়েছে কমিউনিটি ক্লিনিকসমূহের মাধ্যমে। এছাড়া মাতৃমৃত্যুহার ও শিশুমৃত্যুহার হ্রাসেও কমিউনিটি ক্লিনিকের ভূমিকা রয়েছে। স্বাস্থ্য ও শিক্ষা ছাড়াও তিনি সামাজিক অসাম্য ও দারিদ্রজনিত সমস্যা ইত্যাদি তুলে ধরার ক্ষেত্রে সমাজবিজ্ঞানই মুখ্য ভূমিকা পালন করেছে বলে উল্লেখ করেন। তিনি প্রাকৃতিক ভারসাম্য রক্ষার ক্ষেত্রে সামাজিক বনায়নের ভূমিকাও তুলে ধরেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির। মূল প্রবন্ধ পাঠ করেন বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, টেকসই উন্নয়ন মানুষের জন্য, মানুষের ভবিষ্যত নিরাপদ করার জন্য। এজন্য বর্তমানটাও নিরাপদ করতে হবে। তিনি মানুষের ভবিষ্যত নিরাপত্তার জন্য অপচয় রোধ করাটাও টেকসই উন্নয়নের অংশ বলে উল্লেখ করেন। বিভাগের শিক্ষক তানিয়া মাহমুদা তিন্নির সঞ্চালনায় সেমিনারে বিশেষ অতিথি মোহাম্মদ ইফতেখার মনির বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলোতে অপরিকল্পিত উন্নয়ন হয়েছে। এ কারণে সমাজের ও প্রকৃতির নানা ক্ষতি হয়েছে। টেকসই উন্নয়ন হলো পরিবেশবান্ধব ও সামগ্রিক উন্নয়ন। মূল প্রবন্ধে ড. সাদিকা সুলতানা চৌধুরী সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, কৃচ্ছ্রতা ও সংযমপ্রবণতা জাতীয় ও টেকসই উন্নয়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ। স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক অর্পা পাল। সেমিনারে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিদায় ও বরণ অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## তড়িৎ প্রকৌশলের মাধ্যমে পৃথিবী ক্রমশ এগিয়ে চলেছে



প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের বিদায় ও বরণ অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ৩০ নভেম্বর ২০২২, অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। উপস্থিত ছিলেন *২৪পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'Launching Ceremony of UTS-PUC Program' অনুষ্ঠিত

## বাংলাদেশে অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা কার্যক্রম শুরু হলো

অস্ট্রেলিয়ান হাইকমিশনার মি. জেরেমি ব্রুর 'শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে বিদেশের যোগসূত্র স্থাপন করছেন মাননীয় শিক্ষামন্ত্রী' উল্লেখ করে বলেন, বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার সম্পর্কের ৫০ বছর উদযাপন করা হয়েছে ২০২২ সালের ৩১ জানুয়ারি। শিক্ষা, মাইগ্রেশন ও ক্রিকেটের ক্ষেত্রে অস্ট্রেলিয়ার সঙ্গে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত আন্তরিক। বাংলাদেশের প্রচুর শিক্ষার্থী অস্ট্রেলিয়া থেকে ফ্রি স্কলারশিপ পেয়ে থাকে। মিনারেল রিসোর্স, রিনিউবেল রিসোর্স ও জ্বালানি খাতে বাংলাদেশের সঙ্গে অস্ট্রেলিয়ার বিনিয়োগ সম্পর্ক রয়েছে। এছাড়া গত ১৫ সেপ্টেম্বর ২০২২, বাংলাদেশ-অস্ট্রেলিয়ার মধ্যে টিপা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মি. জেরেমি ব্রুর আরও বলেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম শিক্ষাক্ষেত্রে অস্ট্রেলিয়া ও বাংলাদেশের আন্তরিক সম্পর্কের দৃষ্টান্ত। ১৫ অক্টোবর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস)-এর উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত *১১ পৃষ্ঠার ১ম ও ২য় কলাম*




## প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থীদের মাঠ পর্যায়ের সমীক্ষা সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের রিসার্চ মেথডোলজি কোর্সের শিক্ষার্থীদের 'স্যোশিও-ইকোনোমিক কন্ডিশন অব দ্য টি প্ল্যান্টেশন ওয়ার্কার ইন চিটাগাং' নামে মাঠ পর্যায়ের সমীক্ষা সম্প্রতি সম্পন্ন হয়েছে। রামগড়ের চা-বাগানের শ্রমিকদের উপর এই সমীক্ষা সম্পন্ন হয়। রিসার্চ মেথডোলজি কোর্সের ইন্সট্রাক্টর ড. সাদিকা সুলতানা চৌধুরীর তত্ত্বাবধানে শিক্ষার্থীরা কেস স্টাডি পদ্ধতিতে চা-শ্রমিকদের কাছ থেকে তাদের সম্পর্কে তথ্য-উপাত্ত সংগ্রহ করেন। তারা প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে চা-শ্রমিকদের আর্থ-সামাজিক অবস্থান সম্পর্কিত গবেষণাপ্রতিবেদন জমা দেন। সমীক্ষায় উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি ও অর্পা পাল। রিসার্চ মেথডোলজি কোর্সের শিক্ষার্থীরা এই সমীক্ষা পরিচালনার আগে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সাক্ষাৎ করলে তিনি বলেন, সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগের শিক্ষার্থীদের জন্য সমাজই হলো গবেষণাগার। সমীক্ষার মাধ্যমে আজকের বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতি এবং ব্যক্তিপর্যায়ে ব্যক্তির অগ্রগতি কীভাবে এগিয়ে নেওয়া যায় এবং তা ধরে রাখা ও প্রবহমান রাখা যায়, সেই বিষয়ে গবেষণা করতে হবে। কারণ, কেবল অগ্রগতি হলেই হয়না, তা ধরে রাখা বা সাসটেইন করাও বড়ো সমস্যা। *দৈনিক আজাদী, ২২.১১.২০২২, পৃ. ৩*



## বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে

*১ম পৃষ্ঠার পর*

ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী, 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্রের পরিচালক সৈয়দ সাবাব আলী আরজু। মাননীয় ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়েছে। তাই আগস্ট হলো বাংলার আকাশ-বাতাস ও প্রকৃতির অশ্রুসিক্ত হওয়ার মাস। পাকিস্তানপন্থী একদল দুর্বৃত্ত সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করে বাংলাদেশকে করেছে কলঙ্কিত। এই কলঙ্ক অমোচনীয়। বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে।

তিনি বঙ্গবন্ধুর আন্দোলন-সংগ্রামের ইতিহাস বর্ণনা করেন। তিনি 'ভাষা আন্দোলনের পথ ধরেই আমাদের পরবর্তী সমস্ত সংগ্রাম' উল্লেখ করে বলেন, বঙ্গবন্ধু সুদীর্ঘ ২৩ বছর বাঙালির অধিকারের জন্য আন্দোলন করেছিলেন। এই আন্দোলন তিনি কোনো পর্যায়েই বিসর্জন দিতে রাজি হননি, এমনকি প্রধানমন্ত্রী পদের বিনিময়েও নয়। সে-কারণেই পাকিস্তানের শাসকচক্র তাঁকে এবং বাঙালিদের স্তব্ধ করার জন্য শেষ পর্যন্ত সামরিক অস্ত্রের ভাষাই প্রয়োগ করে ১৯৭১-এর ২৫শে মার্চ। নিরস্ত্র বাঙালির উপর নেমে আসে অস্ত্রের ঘৃণ্যতম আঘাত। নয় মাস নিঃশেষে প্রাণ বিলিয়ে দিয়ে, স্বাধীনতার বেদীমূলে ত্রিশ লক্ষ প্রাণ উৎসর্গ করেই বাঙালি এক মৃত্যুঞ্জয়ী সংগ্রামের মাধ্যমে অর্জন করে তার হাজার বছরের ইতিহাসের প্রথম-প্রকৃত-স্বাধীনতা। তিনি আরও বলেন, ১৯৭৫ সালে পাকিস্তানপন্থী-প্রতিক্রিয়া-শক্তি পাকিস্তান-ফেরত সামরিক ও বেসামরিক আমলাতন্ত্রের সাহায্য নিয়ে বঙ্গবন্ধুকে কেবলমাত্র সপরিবারে হত্যাই করেনি, একই সঙ্গে বাংলাদেশকেও পশ্চাদমুখী প্রতিক্রিয়ার অন্ধকারে নিয়ে যেতে সক্ষম হয়। এই প্রতিক্রিয়াচক্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের সব মহতী-অর্জন ধর্মনিরপেক্ষতা, সমাজতন্ত্র, গণতন্ত্র ও বাঙালি জাতীয়তাবাদকে গণমানুষ ও গণজীবন থেকে সম্পূর্ণরূপে মুছে ফেলতে প্রচেষ্টা চালায়। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, বিশ্বের গুটিকয়েক স্বাধীনতা অর্জনকারী দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। বঙ্গবন্ধু স্বাধীন দেশ হিসেবে বাংলাদেশের নাম ইতিহাসে সোনার হরফে লিখে গেছেন। প্রবাদ আছে, স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন। আমরা দেখছি, বঙ্গবন্ধুকন্যা দেশরত্ন শেখ হাসিনা সেই স্বাধীনতা রক্ষার কাজটি করে চলেছেন। বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী বলেন, হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। ক্ষুধিরাম ও সূর্য সেন থেকে শুরু করে অনেক মহামানব ধাপে ধাপে এই স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ধারাবাহিক সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে স্বাধীনতার ডাক দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন করেন। অতিথির বক্তব্যে সৈয়দ সাবাব আলী আরজু তাঁর পরিচালনায় নির্মিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র নির্মাণের ইতিহাস বর্ণনা করে বলেন, এই তথ্যচিত্র নির্মাণের জন্য বিভিন্ন দেশের আর্কাইভ ও পত্র-পত্রিকা থেকে প্রচুর তথ্য সংগ্রহ করা হয়েছে। সভাপতির বক্তব্যে ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশের প্রতি বঙ্গবন্ধুর ভালোবাসা ছিল অন্তহীন। মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধু যখন পাকিস্তানের কারাগারে ছিলেন, তখন তাদের বলেছিলেন, তোমরা যদি আমাকে হত্যা কর, তবে আমার লাশটি বাংলাদেশে পাঠিয়ে দিও। বাংলাদেশের স্বার্থে তিনি মৃত্যুকেও পরোয়া করেন নি। উল্লেখ্য, এই অনুষ্ঠান ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। শেষে সৈয়দ সাবাব আলী আরজু পরিচালিত ও সৈয়দ আশিক রহমান প্রযোজিত 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ব্যবসা-প্রশাসন বিভাগের প্রদর্শনী



প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ব্যবসা-প্রশাসন বিভাগের ১ম সেমিস্টারের (৪৪তম ব্যাচ) প্রিন্সিপালস্ অব অ্যাকাউন্টিং কোর্সের প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। ২২ আগস্ট ২০২২, অনুষ্ঠিত এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার ও ব্যবসা-শিক্ষা অনুষদের কো-অর্ডিনেটর প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, ফিন্যান্স ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর আফসানা ইয়াসমিন, অ্যাকাউন্টিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর স্টিভ অস্কার ডি রোজারিও, ম্যানেজমেন্ট ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর সুজন কান্তি বিশ্বাস ও মার্কেটিং ডিসিপ্লিনের শিক্ষক জুলিয়া পারভিন। প্রদর্শনীর সার্বিক তত্ত্বাবধানে ছিলেন অ্যাকাউন্টিং ডিসিপ্লিনের প্রভাষক সুমনা পোদ্দার। প্রদর্শনীতে 'কনসেপচুয়াল ফ্রেমওয়ার্ক অব অ্যাকাউন্টিং', 'ব্রাঞ্চেস অব অ্যাকাউন্টিং' এবং 'ইউজার্স অব অ্যাকাউন্টিং' ইত্যাদি বিষয়বস্তু প্রদর্শন করা হয়। শিক্ষার্থীরা ট্রেজারার ও ব্যবসা-শিক্ষা অনুষদের কো-অর্ডিনেটর প্রফেসর একেএম তফজল হককে প্রদর্শিত বিষয়বস্তুগুলোর বিবরণ তুলে ধরেন। এসময় প্রফেসর একেএম তফজল হক বলেন, শিক্ষার্থীরা তাদের ক্লাসে অর্জিত জ্ঞানের আলোকে প্রদর্শিত বিষয়বস্তুগুলো নির্ধারণ করেছে। এটা আনন্দের। এ ধরনের প্রদর্শনী অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১ম সেমিস্টারের শিক্ষার্থী হিসেবে তাদের প্রজেক্টের আয়োজন তারা সফলভাবে করতে পেরেছে বলে আমি মনে করি। এ ধরনের প্রদর্শনী আমাদের শিক্ষার্থীদের জ্ঞানের ভাণ্ডার আরও সমৃদ্ধ করবে। ফলে তারা তত্ত্ব এবং তত্ত্বিয় জ্ঞানে আরও সমৃদ্ধ হবে। ভবিষ্যতেও এরকম আরও প্রদর্শনী আমরা আশা করছি।

## বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ছেন দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা : ড. অনুপম সেন

*২য় পৃষ্ঠার পর*

করেছেন। তারপর ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মাধ্যমে তিনি বাঙালিকে উপহার দিয়েছেন স্বাধীনতা, প্রথম স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র। তিনি স্বপ্ন দেখেছিলেন, মুক্তিযুদ্ধের মাধ্যমে পাওয়া বিধ্বস্ত বাংলাদেশ হবে সোনার বাংলা। আজ আমরা দেখি, তাঁর সেই স্বপ্ন পূরণ করতে চলেছেন তাঁরই সুযোগ্য কন্যা দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা। তিনি অভূতপূর্ব উন্নয়নের মাধ্যমে বাংলাদেশকে সোনার বাংলায় পরিণত করতে চলেছেন। ড. সেন আরও বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের দুঃসংবাদ সহ্য করে প্রায় ছয় বছর প্রবাসজীবন যাপন করে ১৯৮১ সালের ১৭ মে দেশে প্রত্যাবর্তন করেন শেখ হাসিনা। তিনি এসেই বাংলাদেশের মানুষের কল্যাণে নিবেদিত হন। তাঁর উন্নয়নের কারণে বাংলাদেশ আজ বিশ্বমানচিত্রে গৌরবের আসনে অধিষ্ঠিত। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম ও ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক। সর্বশেষে বাদে জোহর প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার মঙ্গল কামনায় প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এই মাহফিলে বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও অন্যান্য মুসল্লিগণ অংশগ্রহণ করেন।

# উচ্চশিক্ষার মাধ্যমে লাভ হয় আমাদের মনোজাগতিক উন্নয়ন

*১ম পৃষ্ঠার পর*

মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, ইউজিসির সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন, প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ ও প্রফেসর ড. মোঃ আবু তাহের। এছাড়া উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। প্রফেসর ড. পবিত্র সরকার সমাবর্তন বক্তার বক্তব্যে বলেন, আমরা কি কেবল স্কুল-কলেজেই শিখি? আমাদের শিক্ষা শুরু হয় কি একটা নির্দিষ্ট বয়সে, রাষ্ট্র বা সমাজের নির্দিষ্ট করে দেওয়া ঘরে, নির্দিষ্ট জীবিকার মানুষদের কাছে? সবাই জানি, তা হয় না। আমি ভাষাবিজ্ঞানে সামান্য পড়াশোনা করেছি, আমি জানি যে শিশু যখন তার সাত মাসের শরীরে মায়ের পেটে অবস্থান করছে, সে তখনই মায়ের গলার স্বর অন্যদের গলার স্বর থেকে আলাদা করতে পারছে। সেটা হয়তো তার প্রথম শিক্ষা। জন্মের পর থেকে তার তুমুল শিক্ষা শুরু হয়ে যায়। এক হল সামাজিক শারীরিক শিক্ষা, মাকে সে সকলের থেকে আলাদা করে চেনে, সেই সঙ্গে অন্যেদেরও আলাদা করে। তার পর আঠারো সপ্তাহ থেকে শুরু হয় তার ভাষা শিক্ষা, সে আর এক কঠিন সাধনা। কিন্তু কী আশ্চর্য ঘটনা, তিন সাড়ে-তিন বছরের মধ্যে সে অনর্গল বলতে শুরু করে সেই ভাষা, দশ বছরে তার ব্যাকরণ পুরো আয়ত্ত করে ফেলে। চমস্কি এটাকে মানুষের একটা কঠিনতম বৌদ্ধিক অর্জন অর্থাৎ শিক্ষা বলেছেন, তা শিশু করে ফেলে নিজের সম্পূর্ণ অজ্ঞাতসারে। অর্থাৎ সে যে একটা কিছু শিখছে তা সে বুঝতেই পারে না। অথচ পরে আমরা তো দেখি, একটা নতুন ভাষা শিখতে আমাদের কী গলদঘর্ম হতে হয়। তার পর বাড়িতে শিখি, মা আমাদের প্রথম শিক্ষক। তখন চারপাশে প্রচুর শিক্ষক জুটে যায়, তাঁরা আমাদের স্কুলে-কলেজে-বিশ্ববিদ্যালয়ে সমাজ-নির্দিষ্ট শিক্ষকদের কাছে পৌঁছে দেন, সেই শিক্ষকেরা আমাদের পরীক্ষার সমুদ্র পার করে দেন। তার পর এই সমাবর্তন আসে। সমাবর্তনের পর আবার আমরা পৃথিবীর খোলা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হয়ে যাই। এখানে পাঠ্যবই নেই, রেফারেন্স বই নেই, আছে এক বিশাল ক্লাসঘর, আর অজস্র পরীক্ষা। আমি আশা করব, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মতো জীবনের সব পরীক্ষায় তোমরা সহজে পাশ করে যাও, তোমাদের অভিভাবক আর শিক্ষকদের মুখ উজ্জ্বল করো। নিজের কাজে সাফল্য অর্জন করে সমাজকে সমৃদ্ধ করো। স্বাগত বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, একটি শিশু জন্মগ্রহণের পর থেকে বিভিন্ন স্তর অতিক্রম করে। তোমরা স্কুলে ও কলেজে ছিলে, তারপর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছো। এখন বিশ্ববিদ্যালয়-জীবন শেষ করে সমাবর্তনে উপনীত হয়েছো। এই দিনটি শিক্ষার্থীদের জন্য গর্বের দিন, আনন্দের দিন। এই দিন কেউ ভোলে না। তিনি উল্লেখ করেন, সমাবর্তনের মধ্য দিয়ে গ্র্যাজুয়েটেরা জীবনের বিশাল ক্ষেত্রে প্রবেশ করে। তিনি 'আজকের বিশ্বকে জ্ঞানভিত্তিক বিশ্ব' উল্লেখ করে বলেন, শিক্ষার ক্ষেত্রে যে দেশ যত বেশি এগুচ্ছে, সে দেশই বিশ্বে নেতৃত্বের ভূমিকায় এগিয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছিলেন অত্যন্ত দূরদর্শি একজন বিশ্ব-নেতা। স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের ক্ষমতা গ্রহণের পর তিনিও অনুভব করেছিলেন, বাংলাদেশকে এগিয়ে নিতে হলে জ্ঞান-সমৃদ্ধ করেই এগিয়ে নিতে হবে। তাই তিনি সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন শিক্ষাকে। এ কারণে প্রিমিয়ার ইউনিভার্সিটিও বাংলাদেশকে জ্ঞান-সমৃদ্ধ করে এগিয়ে নেওয়ার লক্ষ্য নিয়ে প্রাক্তন মেয়র ও মানবতাবাদী রাজনৈতিক নেতা এবিএম মহিউদ্দিন চৌধুরী কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছে। তিনি আরও বলেন, ১৫৫০ খ্রিস্টাব্দের দিকে ইউরোপে সই করতে পারতেন এমন লোকের সংখ্যা ছিল মাত্র ৫ শতাংশ। ১৭৫০ খ্রিস্টাব্দের দিকে এই সংখ্যা হল্যান্ড, ইংল্যান্ড, ফ্রান্স ও জার্মানিতে বিপুল পরিমাণে বেড়ে যায়। এইসব দেশে তা ৩৫ থেকে ৪৫ শতাংশে উন্নীত হয়। ইউরোপে যে দেশে যত বেশি শিক্ষিত সৃষ্টি হয়েছে, দেখা গেছে সে দেশ অর্থনৈতিক ক্ষেত্রে ততই বিপুলভাবে এগিয়ে গেছে। এইসব দেশে নব প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞান-বিজ্ঞানের বিস্তার ও অর্থনৈতিক অগ্রগতির মুখ্য মাধ্যম হিসেবে কাজ করেছে। বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ বলেন, মানুষের বুদ্ধিমত্তা আছে, উদ্ভাবনী ক্ষমতা আছে। মানুষ পরিকল্পনা করতে পারে, চিন্তাকে এগিয়ে নিতে পারে। এ কারণে মানুষ নিজের স্বপ্নকে পূরণ করতে পারে। আজকের গ্র্যাজুয়েটদেরও অনেক স্বপ্ন আছে। দক্ষতার সঙ্গে কাজ করলে তারা অবশ্যই তাদের স্বপ্ন সফল করতে পারবে। তিনি আরও বলেন, আধুনিক শিক্ষাব্যবস্থার আলোকে বাংলাদেশ এখন উচ্চশিক্ষার পর্যায়ে জবাবদিহিতামূলক পদ্ধতির রূপরেখা সমন্বিত করার চেষ্টায় আছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ইতোমধ্যে পড়ানো এবং কী পড়ানো হলো, কতটুকু অগ্রগতি হলো একটি ক্লাস থেকে পরবর্তী ক্লাস পর্যন্ত, শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে সম্পর্ক যৌক্তিক ও যথাযথভাবে পালিত হয়েছে কিনা, এইসব তদারকি করার কারণে এক একটি কেন্দ্র হয়ে পড়েছে এক একটি বিশ্ববিদ্যালয়। অবশ্যই, প্রিমিয়ার ইউনিভার্সিটি সরকারি এই প্রচেষ্টার অংশগ্রহণকারী একটি শক্তিশালী মহতী প্রতিষ্ঠান, এবং যেহেতু এটির প্রতিষ্ঠাতা ছিলেন একজন শিক্ষাদরদী মানবদরদী রাজনৈতিক ব্যক্তিত্ব আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী, তাই আমার বিশ্বাস প্রিমিয়ার ইউনিভার্সিটির অগ্রগতি আধুনিক উপায়ে সাধিত হবে। বিশেষ অতিথির বক্তব্যে ইউজিসির সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন বলেন, পৃথিবী এখন অদম্য বাংলাদেশের পক্ষে। শিক্ষার্থীদের এটা বুঝতে হবে। বাংলাদেশকে কেউ দাবিয়ে রাখতে পারবে না। আউট অব বক্স চিন্তা, নতুন নতুন ধারণা ও প্রযুক্তিকে ধারণ করতে হবে। বঙ্গবন্ধুর দর্শনকে গ্রহণ করতে হবে। তবেই উদ্ভাবনী বাংলাদেশ আমরা পাবো। প্রধানমন্ত্রী বাংলাদেশের উন্নয়নকল্পে যে-রূপরেখা দিয়েছেন তা বাস্তবায়নে শিক্ষার্থীদের কাজ করতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে ইউজিসির সম্মানিত সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ বলেন, শিক্ষা জীবনব্যাপী প্রক্রিয়া। গ্র্যাজুয়েটদের লক্ষ্য স্থির করতে হবে এবং বড়ো হওয়ার আকাঙ্ক্ষা রাখতে হবে। দক্ষ জনবল হয়ে উঠতে হবে। দেশকে এগিয়ে নিতে হলে দক্ষ জনবল খুবই প্রয়োজন। প্রিমিয়ার ইউনিভার্সিটি দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। দক্ষ জনবল তৈরি না হলে অর্থ ও প্রযুক্তি কোনো কাজে আসবে না। তিনি সনদপ্রাপ্তদের অসাম্প্রদায়িক চেতনা, সততা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানান। বিশেষ অতিথির বক্তব্যে ইউজিসির সম্মানিত সদস্য প্রফেসর ড. মোঃ আবু তাহের বলেন, বিশ্ববিদ্যালয় জ্ঞান সৃষ্টি, জ্ঞান বিতরণ ও জ্ঞান সংরক্ষণের কেন্দ্র। দেশপ্রেমমূলক শিক্ষায় উদ্বুদ্ধ হয়ে শিক্ষক ও শিক্ষার্থীরা শিক্ষাব্যবস্থাকে উচ্চমানে নিয়ে যাবেন, এটাই আমার প্রত্যাশা। তিনি মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়নে ও চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রিমিয়ার ইউনিভার্সিটির গ্র্যাজুয়েটদের ভূমিকা রাখার আহ্বান জানান। সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্যবৃন্দ, সিন্ডিকেট সদস্যবৃন্দ, একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ, অর্থ কমিটির সদস্যবৃন্দ, শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ, সকল ডিন, রেজিস্ট্রার, সকল বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষিকামণ্ডলী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও স্থানীয়-জাতীয় পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ। সমাবর্তনে ৫৬৯৭ জন গ্র্যাজুয়েট তাঁদের শিক্ষা সমাপনী সনদ গ্রহণ করেন। কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় সমাবর্তনে তানভীর মাহবুব (ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স ইন ইকোনমিক্স), মো. মহিউদ্দিন ইকবাল (ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশান), সৈয়দা আফরোজা (ব্যাচেলর অব ল'জ), সোহানা সুলতানা (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান), নাবিল সাদ (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান), রিদওয়ানুল আহসান নাঈম (মাস্টার্স অব বিজনেস এডিমিনিস্ট্রেশান)-কে চ্যান্সেলরস গোল্ড মেডেল, তাহমিনা নাজনীন (ব্যাচেলর অব আর্টস ইন ইংলিশ), ইউসরা আমরিন হুসেইন (ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স ইন ইকোনমিক্স), শাহারিয়া জান্নাত সাফা (ব্যাচেলর অব ল'জ), অভিজিৎ পাল (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান), রাবিয়া জাহান নিশা (মাস্টার্স অব ল'জ), সুজয় বড়ুয়া (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান)-কে এবিএম মহিউদ্দিন চৌধুরী গোল্ড মেডেল এবং তূর্ণা দেব (ব্যাচেলর অব ল'জ), মরিয়ম বেগম (ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশান), মোঃ রিদওয়ান সিদ্দিকী ওয়াদুদ (ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশান), সুলতানা আফরিন (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান), জয়া সাহা (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান), মোঃ সাইফুল ইসলাম (মাস্টার্স অব বিজনেস এডমিনিস্ট্রেশান)-কে ভাইস-চ্যান্সেলরস গোল্ড মেডেল প্রদান করা হয়। এছাড়া ১৮ জন আন্ডার গ্র্যাজুয়েট ও ১৩ জন পোস্ট গ্র্যাজুয়েটকে প্রদান করা হয় ডিন্‌স অ্যাওয়ার্ড। বেলা ৩ টায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিবেশনা শুরু হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি সাংস্কৃতিক দল এই সাংস্কৃতিক পরিবেশনার মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, চট্টগ্রামের ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত



২৬ ডিসেম্বর ২০২২, সমাপ্ত হলো প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা। নিয়মিত শ্রেণি কার্যক্রমের পাশাপাশি বিভাগের শিক্ষার্থীরা মাসব্যাপী অনুষ্ঠিত এই ক্রীড়া প্রতিযোগিতায়ও অংশগ্রহণ করে। আন্তর্জাতিক গণিত দিবস ২০২৩ উদযাপনের অংশ হিসেবে এই ক্রীড়া প্রতিযোগিতা ছাড়াও শিক্ষার্থীদের জন্য আরও কিছু সৃজনশীল কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। ইতোমধ্যে শিক্ষার্থীরা দাবা, বাস্কেটবল এবং ক্রিকেট প্রতিযোগিতা সমাপ্ত করেছে। ক্রিকেট প্রতিযোগিতায় সার্কেল, প্যারাবোলা, ইলিপ্স ও হাইপারবোলা নামে চারটি টিম গ্রুপ পর্বে অংশগ্রহণ করে। ইলিপ্স টিম চ্যাম্পিয়ন এবং প্যারাবোলা রানারআপ হওয়ার গৌরব অর্জন করে। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির সকল শিক্ষক এবং শিক্ষার্থীদের নিয়ে ফাইনাল খেলা উপভোগ করেন। ক্রীড়া প্রতিযোগিতার সার্বিক সমন্বয় করেন বিভাগের শিক্ষক শাহরীনা আকতার ও রাজিব কর্মকার।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের স্প্রিং সেশন-২০২২-এর ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের স্প্রিং সেশনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজিত হয়। এই আয়োজনে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। তিনি তাঁর বক্তব্যে বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষার্থীদের অবহিত করেন এবং বিশ্বের সাথে তাল মিলিয়ে জ্ঞান অর্জনের তাগিদ দেন। পরবর্তীতে অনুষ্ঠানের সঞ্চালক এবং স্প্রিং সেশনের কো-অরডিনেটর প্রভাষক সুদীপ দে নবীনদের ইউনিভার্সিটি এবং বিভাগের নিয়ম কানুন সম্পর্কে বিস্তারিত দিকনির্দেশনা প্রদান করেন। ওরিয়েন্টেশনে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের শিক্ষক বিদ্যুত কান্তি নাথ, বদরুল হাসান আওয়াল, অর্পিতা দত্ত, উম্মে সালমা এবং ফারিয়া হোসেন বর্ষা। *দৈনিক আজাদী, ২২.০৩.২০২২, পৃ. ৬*



## বাংলাদেশে অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা কার্যক্রম শুরু হলো

*৮ম পৃষ্ঠার পর*

'Launching Ceremony of UTS-PUC Program' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি, ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর মি. আলেক্স মারফি, বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের, ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি বলেন, বৈশ্বিক প্রেক্ষাপটে শিক্ষার্থীদের খাপ খাওয়ানোর পরিকল্পনা থেকে অর্থাৎ বিশ্বের যে-কোনো দেশে উচ্চশিক্ষা, কর্মদক্ষতা ও ভাষা-দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীরা মানবিক বিশ্ব নির্মাণের কাজে যাতে যুক্ত হতে পারে, সেজন্য ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়া এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির একটি যৌথ প্রোগ্রাম আজ থেকে শুরু হতে যাচ্ছে। আমি এ ধরনের মহান উদ্যোগ গ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি ও ইউটিএসকে ধন্যবাদ জ্ঞাপন করছি। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)'র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ে ৪ মিলিয়নসহ মোট ৬ মিলিয়ন শিক্ষার্থী উচ্চশিক্ষা গ্রহণ করছে উল্লেখ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশের শিক্ষার উন্নয়নে বদ্ধপরিকর। তিনি ক্রমশ শিক্ষাক্ষেত্রকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। শিক্ষা উপমন্ত্রী বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার উন্নয়নের বিস্তারিত বিবরণ তুলে ধরে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশের শিক্ষাকে আন্তর্জাতিকীকরণের যে-উদ্যোগ গ্রহণ করেছেন, ইউটিএস-পিইউসি প্রোগ্রাম তার অংশ। শিক্ষা উপমন্ত্রী বাংলাদেশের অন্যান্য পাবলিক-প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে এ ধরনের প্রোগ্রাম চালু করার জন্য ইউটিএসকে অনুরোধ জানান। ইউটিএস-এর ম্যানেজিং ডিরেক্টর মি. আলেক্স মারফি বলেন, অস্ট্রেলিয়ায় ৩৫ বছর ধরে ইউটিএস শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, দক্ষিণ কোরিয়া ও শ্রীলঙ্কায় ইউটিএস-এর শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। এবার বাংলাদেশে শুরু হলো ইউটিএস-পিইউসি প্রোগ্রাম। বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)'র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের বলেন, চট্টগ্রাম তথা বাংলাদেশের অনেক শিক্ষার্থীর স্বপ্ন অস্ট্রেলিয়ায় গিয়ে উচ্চশিক্ষা সম্পন্ন করবে। এই প্রোগ্রাম তাদের সেই স্বপ্ন পূরণ করবে। ফেব্রুয়ারি ২০২৩ ইনটেক থেকে ইউটিএস বাংলাদেশে তাদের ডিগ্রির প্রথম বছর চালু করবে এবং বাংলাদেশের স্থানীয় শিক্ষার্থীদের অত্যন্ত কম খরচে সেরা মানের আন্তর্জাতিক শিক্ষার প্রবেশাধিকার প্রদান করবে।

ইউটিএস-পিইউসি প্রোগ্রামের কো-অর্ডিনেটর ও প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এই প্রোগ্রামের শিক্ষার্থীদের বিভিন্ন সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন। তিনি বলেন, ১. টিউশন ফি এবং জীবনযাত্রার খরচ প্রথম বছরে অস্ট্রেলিয়ার চেয়ে ৭৫% সাশ্রয় হবে ২. প্রোগ্রামে দ্রুত এনরোলকারী শিক্ষার্থীরা ভিসা পাওয়ার আগেই ক্রেডিট অর্জনের সুযোগ পাবে ৩. ছোট শ্রেণিকক্ষ তৈরি করে ও স্থানীয়ভাবে সহায়তা নিয়ে উচ্চশিক্ষা সহজে অর্জন করতে পারবে ৪. অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা শিক্ষার্থীরা বাংলাদেশে বসে অর্জন করতে পারবে। বাকি সেমিস্টারগুলো তারা অস্ট্রেলিয়ায় অধ্যয়ন করার সুযোগ পাবে। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব প্রযুক্তিনির্ভর বিশ্ব। যে-দেশ প্রযুক্তিতে যত অগ্রসর হবে, সে-দেশই এগিয়ে যাবে। বাংলাদেশ একদিন বিশ্বের সবচেয়ে ধনী দেশ ছিল। একথা বলেছেন শাহজাহানের আমলে আগত পর্যটক বার্নিয়ার। ইংল্যান্ডের এক ছোট কোম্পানি–ইস্ট ইন্ডিয়া কোম্পানি–প্রযুক্তিতে তাদের দক্ষতার কারণে সিরাজদ্দৌলাকে হারিয়ে এই সমৃদ্ধ বাংলাদেশ দখল করে নেয়। এই দক্ষতার কারণে ৫০ বছরের মধ্যে এই কোম্পানিটি সারা উপমহাদেশ দখল করে নিতে সক্ষম হয়। আমরা দেখি, জাপান একসময় দরিদ্র দেশ ছিল। কিন্তু ১৮৫৪ সালে মেজিদের ক্ষমতা পুনর্দখলের পরে তারা তাদের শিক্ষার্থীদের সারা বিশ্বের উন্নত দেশে, বিশেষত, ইংল্যান্ড, জার্মানি, ফ্রান্স প্রভৃতি দেশে পাঠিয়ে দেয় বৈজ্ঞানিক-প্রযুক্তি শিক্ষা অর্জনের জন্য। এর ফলেই তারা ৫০ বছর পরে ১৯০৫ সালে রাশিয়ান সাম্রাজ্যকে হারিয়ে দেয়। তাদের এই প্রযুক্তি দক্ষতার কারণে মাত্র ১০ বছর আগেও তারা বিশ্বের দ্বিতীয় ধনী দেশ ছিল। সুতরাং ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস), অস্ট্রেলিয়ার সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির এই যৌথ উদ্যোগ আমাদের শিক্ষার্থীদের প্রযুক্তিজ্ঞান অর্জনে বিশেষ সহায়ক হবে। আমরা চাই, অস্ট্রেলিয়া ও অন্যান্য দেশের আরও উন্নত বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গে আমাদের বিশ্ববিদ্যালয়ের সহযোগিতার পথ খুলে যাক, আমাদের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের প্রযুক্তিজ্ঞানের দ্বার উন্মুক্ত হোক।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন

*২য় পৃষ্ঠার পর*

বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম প্রমুখ। এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হয়। এসময় পূর্ব বাংলার জনগণ ছিল পাকিস্তানের সংখ্যাগুরু, প্রায় ৫৬ শতাংশ। পাকিস্তান সৃষ্টিতে তাদের মুখ্য ভূমিকা থাকলেও পাকিস্তান সৃষ্টির পর তারা স্বাধীনতা পায় নি। ১৯৭১ সালের ২৫ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করেন। তারপর মুক্তিযুদ্ধে অনেক ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে বাঙালিরা স্বাধীনতা ও বিজয় অর্জন করে। ড. অনুপম সেন বাংলাদেশ ও বাঙালির উপর পশ্চিম পাকিস্তানের নির্মম শোষণের বিবরণ দিতে গিয়ে বলেন, ইংরেজরা প্রায় ১৯০ বছর এদেশকে পরাধীন করেছিল, শোষণ করেছিল। ১৯৪৭-৭১ পর্যন্ত প্রায় ২৩ বছর পশ্চিম পাকিস্তান বাংলাদেশকে ইংরেজদের চেয়েও নির্মমভাবে শোষণ করেছে। এদেশের অর্থে পশ্চিম পাকিস্তান ও সেখানকার জনগণের জীবন-মানের আমূল পরিবর্তন ঘটেছে; সেখানে নির্মিত হয়েছে তারবেলা বাঁধ; গড়ে উঠেছে করাচি, রাওয়ালপিন্ডি ও ইসলামাবাদ; পুষ্ট হয়েছে শিল্পখাত, সেবাখাত ও কৃষিখাত। এভাবে শোষণের শিকার হয়ে বাংলাদেশ দরিদ্র থেকে দরিদ্রতর হয়েছে। এই শোষণ থেকে বাঙালির মুক্তি ঘটে স্বাধীনতা ও বিজয় অর্জনের মাধ্যমে। তিনি নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ইতিহাস জানান দেওয়ার তাগিদ দেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৫ম মৃত্যুবার্ষিকী পালন

## মৃত্যুর আগ পর্যন্ত তিনি জাতির পিতার আদর্শের রাজনীতিই করে গেছেন



প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা, সাবেক মেয়র, বীর মুক্তিযোদ্ধা ও চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৫ম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে তাঁর কবরে পুষ্পমাল্য অর্পণ করেছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের নেতৃত্বে শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। ১৫ ডিসেম্বর ২০২২, এই পুষ্পমাল্য অর্পণকালে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী এবং ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম।

এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এবিএম মহিউদ্দিন চৌধুরীর রাজনৈতিক জীবনের বর্ণনা দিয়ে বলেন, চট্টগ্রামকে তিনি গভীরভাবে ভালোবাসতেন। চট্টগ্রামের উন্নয়নে তাঁর ভূমিকা ছিল বিরাট। বিশেষভাবে শিক্ষা ও স্বাস্থ্যখাতে তাঁর অবদান বিশাল। তিনি প্রাইমারি স্কুল থেকে শুরু করে কলেজ পর্যায়ে প্রায় পঞ্চাশটির বেশি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। তিনি মেয়র থাকাকালে বিভিন্ন জীর্ণ-শীর্ণ বিদ্যালয়গুলোকে *১৬ পৃষ্ঠার ২য় কলাম*

## 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর: অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' শীর্ষক ওয়েবিনার

*৫ পৃষ্ঠার পর*

পর্যটক বার্নিয়ার বাংলায় এসেছিলেন। তিনি দু'বার বাংলা পরিভ্রমণ করে ফরাসী রাজা চতুর্দশ লুইয়ের প্রধানমন্ত্রী কোলবার্টকে চিঠি লিখে জানিয়েছিলেন, বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে ধনী দেশ, সমৃদ্ধ দেশ। বস্তুত এ কারণে বিদেশিদের লোলুপ দৃষ্টি ছিল বাংলার দিকে। তারা কালের পর কাল বাংলাকে শোষণ করেছে, বাংলার সম্পদ লুণ্ঠন করেছে। ১৭৫৭ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা দখল করার মাত্র তিন বছরের মধ্যে এদেশের ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে, যার কারণে ১৭৬০ দশকে ইংল্যান্ডে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়। তারা ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় ১৯০ বছর বাংলাকে শোষণ করেছিল। ড. অনুপম সেন বাংলায় পশ্চিম পাকিস্তানের শোষণের ইতিহাস বর্ণনা করে বলেন, বঙ্গবন্ধু পশ্চিম পাকিস্তানের শোষণ থেকে বাংলার ও বাংলার মানুষের অর্থনৈতিক মুক্তির জন্য ছয় দফা ঘোষণা করেছিলেন। তিনি বলেন, ১৯৭১ সালের স্বাধীনতার পরে বঙ্গবন্ধু একটি যুদ্ধবিধ্বস্ত দেশ পেয়েছিলেন। তিনি ১৯৭২ সালে ১০ মাসের মধ্যে একটি সংবিধান দিয়েছিলেন। এছাড়া প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন শুরু করে খুবই দ্রুত এদেশের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করেছিলেন। তিনি উল্লেখ করেন, বঙ্গবন্ধুকে অনুসরণ করে দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়ন করে চলেছেন। এই সরকার যাতে স্থায়ী হয়, তার জন্য জনগণের সহযোগিতা করা ও এগিয়ে আসা উচিত।

সম্মানিত অতিথি ও প্রধান আলোচকের বক্তব্যে প্রফেসর ড. আবু তাহের মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর মাহেন্দ্রক্ষণে এমন একটি আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগকে ধন্যবাদ জানিয়ে বলেন, হাজার বছরের সাধনা ও সংগ্রামের ফসল স্বাধীন বাংলাদেশ। ক্ষুদিরাম ও সূর্য সেন থেকে শুরু করে অনেক মহামানব ধাপে ধাপে এই স্বাধীনতা সংগ্রামকে এগিয়ে নিয়েছেন। বঙ্গবন্ধু ১৯৪৭ থেকে ধারাবাহিক সংগ্রামের মাধ্যমে ১৯৭১ সালে স্বাধীনতার ডাক দেন এবং দীর্ঘ নয় মাস মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন করেন। তারপর ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁর নির্মম হত্যাকাণ্ডের আগেই যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশকে স্বল্পোন্নত দেশে পরিণত করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে এই দেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। একসময় বলা হতো, বাংলাদেশ তলাবিহীন ঝুড়ি। এখন বলা হয়, বাংলাদেশ উন্নয়নের রোল মডেল। তিনি সুশাসন নিশ্চিতকরণ, দুর্নীতি হ্রাস করা, মানসম্মত শিক্ষা নিশ্চিত করা ও বৈষম্য কমানোর মাধ্যমে বাংলাদেশ উত্তরোত্তর আরও উন্নতি করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ অতিথি প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশ এখন বিশ্বের বিস্ময়। করোনাকালে বাংলাদেশ তার ধারাবাহিক উন্নয়ন ধরে রেখে এই বিস্ময়ের সৃষ্টি করেছে। তিনি বাংলাদেশের মেগাপ্রজেক্টগুলি নিয়ে কথা বলেন, সেইসাথে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা, কারিগরি শিক্ষার বিস্তার এবং নলেজ ম্যানেজমেন্টে বর্তমান সরকারের জনদরদী ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

প্রফেসর ড. আবুল হোসাইন বলেন, বঙ্গবন্ধু তাঁর সাড়ে তিন বছরের শাসনামলে বিভিন্ন দূরদর্শী পরিকল্পনা, যেমন, কৃষিঋণ, সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, আমদানি বিকল্প নীতি, স্বল্প সময়ে কূটনৈতিক সাফল্য ইত্যাদির মাধ্যমে আজকের বাংলাদেশের উন্নয়নের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সভাপতি ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর বক্তব্যে বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বর্তমান স্থিতিশীল সরকার এবং দৃঢ় নেতৃত্বের ভূমিকা তুলে ধরেন। ওয়েবিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন। উল্লেখ্য, ওয়েবিনারের শুরুতে 'বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর : অর্থনৈতিক অর্জন ও অগ্রগতি' বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির যৌথ মতবিনিময় সভা



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির যৌথ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ আগস্ট ২০২২, অনুষ্ঠিত এই সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান উপস্থিত ছিলেন। আমেরিকান অ্যাম্বেসির পক্ষ থেকে উপস্থিত ছিলেন কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান, কালচারাল অ্যাফেয়ার্স স্পেশালিস্ট রায়হানা সুলতানা, ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম কো-অর্ডিনেটর শাওন কর্মকার, রিজিয়নাল ইংলিশ ল্যাংগুয়েজ অফিসার ড. নাবিলা মৌসুমি এবং রিজিয়নাল ইংলিশ ল্যাংগুয়েজ স্পেশালিস্ট বিশ্ব গৌতম প্রমুখ। সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান কর্নার প্রতিষ্ঠা করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও নানা ধরনের এক্সচেঞ্জ প্রোগ্রাম এবং ফুলব্রাইট স্কলারশিপ প্রোগ্রামের অধীনে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রফেশনাল শিক্ষক প্রদানের ব্যাপারে আলোচনা করা হয়।

## অধ্যাপক ড. কাজী শামীম সুলতানার প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য পদে নিয়োগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি আবদুল হামিদ (বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩২ (১) ধারা অনুযায়ী) প্রিমিয়ার ইউনিভার্সিটি'র উপ-উপাচার্য পদে অধ্যাপক ড. কাজী শামীম সুলতানাকে নিয়োগ প্রদান করেছেন। তিনি আগামী ৪ বছর এই পদে দায়িত্ব পালন করবেন। অধ্যাপক ড. কাজী শামীম সুলতানা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিজিক্স (অনার্স) পরীক্ষায় প্রথম শ্রেণিতে দ্বিতীয় এবং এমএসসি ইন ফিজিক্স পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম বিভাগ প্রাপ্ত হন। কৃতিত্বপূর্ণ রেজাল্টের জন্য তিনি রাজা কালি নারায়ণ স্কলারশিপ, সালেকুন নেছা গোল্ড মেডেল, এস রহমান ফাউন্ডেশন স্কলারশিপ, আবদুল হাকিম এন্ড আসাদুন্নেছা ফাউন্ডেশন স্কলারশিপ, ডায়মন্ড জুবিলি ফাউন্ডেশন স্কলারশিপ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন স্কলারশিপ অর্জন করেন। কমনওয়েলথ স্কলারশিপ পেয়ে যুক্তরাজ্যের কেমব্রিজ ইউনিভার্সিটি থেকে তিনি পিএইচ.ডি ডিগ্রি অর্জন করেন। তাঁর পিএইচ.ডির শিরোনাম ছিল 'অ্যানালাইসিস অব হিলিয়াম স্ক্যাটারিং ফ্রম স্টেপড এন্ড গ্রোয়িং সারফেইসেস'। ১৯৯০ সালের ০১ এপ্রিল থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে রিসার্চ ফেলো হিসেবে কাজ করেন। ১৯৯০ সালের ১৩ অক্টোবর তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিজিক্স বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। ২০১২ সালের ১২ মে তিনি প্রফেসর পদে উন্নীত হন। দীর্ঘ শিক্ষকজীবনে তাঁর যৌথ ও একক ১৫টি প্রকাশনা রয়েছে। এছাড়াও তিনি আন্তর্জাতিক অনেক কনফারেন্স ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। অধ্যাপক ড. কাজী শামীম সুলতানার পিতা বিচারপতি কাজী এবাদুল হক এবং মাতা প্রফেসর ড. শরিফা খাতুন। উভয়েই রাষ্ট্রীয় একুশে পদকপ্রাপ্ত গুণীজন। অধ্যাপক ড. কাজী শামীম সুলতানার স্বামী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন ও বাংলা বিভাগের অধ্যাপক ড. মো: মহীবুল আজিজ। তাঁর ছোট বোন কাজী জিনাত হক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারপতি। *দৈনিক আজাদী, ২১.০৩.২০২২, পৃ.২*



## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্থাপত্য বিভাগের নবম ব্যাচের জুরি

২য় পৃষ্ঠার পর

রেখে চলেছে। মানুষের চিন্তা-চেতনার প্রতিফলন ঘটে স্থাপত্য চর্চার মাধ্যমে। চট্টগ্রাম অঞ্চলের মানুষের আর্থসামাজিক অবস্থান, জীবনযাপন প্রণালী, জলবায়ুর প্রভাব ইত্যাদি বিষয়গুলো বিবেচনা করে এই অঞ্চলে স্থাপত্য ঐতিহ্য গড়ে উঠেছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর বলেন, এই বিভাগ অদূর ভবিষ্যতে চট্টগ্রামের সাংস্কৃতিক ঐতিহ্য ও সম্ভাবনাকে যথাযথভাবে ধারণ করতে সক্ষম হবে বলে আমি মনে করি।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৌশল নির্ধারণী সভা



শিক্ষা মন্ত্রণালয় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে দেশে দুদিন (শুক্রবার ও শনিবার) শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা জারি করে বিশ্ববিদ্যালয়সমূহকে স্ব স্ব কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে একাডেমিক বিভাগগুলোর চেয়ারম্যান ও ডিনদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়েছে। ২৪ আগস্ট ২০২২, অনুষ্ঠিত সভায় আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, *১৫ পৃষ্ঠার ২য় কলাম*


## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত

১৬ পৃষ্ঠার পর

সদস্য প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক এম. মঈনুল হক, সহযোগী অধ্যাপক ইফতেখার মনির, সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক, সহযোগী অধ্যাপক তানজিনা আলম চৌধুরী, সহযোগী অধ্যাপক ফারজানা ইয়াসমিন চৌধুরী ও সহযোগী অধ্যাপক সাদাত জামান খান। এই সভার সঙ্গে একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব রেমন্ড আরেং ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংযুক্ত ছিলেন। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম।

একাডেমিক কাউন্সিলের এই সভায় করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের শিক্ষাজীবনের ক্ষতি পুষিয়ে নেওয়ার লক্ষ্যে ভবিষ্যত একাডেমিক পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিগত একাডেমিক কাউন্সিলের সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। ০১ ডিসেম্বর ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত প্রকাশিত বিভিন্ন বিভাগের ফলাফল উপস্থাপন ও অনুমোদন করা হয়। আউটকাম বেইসড এডুকেশন টেমপ্লেট অনুযায়ী প্রতিটি একাডেমিক প্রোগ্রামের পাঠক্রমের অগ্রগতি প্রসঙ্গে আলোচনা করা হয়। সম্প্রতি চালু হওয়া চীনা (মান্দারিন) ও জাপানি ভাষা শিক্ষা কোর্স এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির সার্বিক একাডেমিক কার্যক্রম বিষয়ে আলোকপাত করা হয়।

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের আয়োজনে সাহিত্য সেমিনার



৫ মার্চ ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের আয়োজনে এই ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে এবং ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় মাসিক সাহিত্য সেমিনার। প্রভাষক জয়নব তাবাসসুম বানু সোনালীর সঞ্চালনায় এবারের সেমিনারে এককভাবে বক্তব্য দেন মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ল্যাফলিন ইউনিভার্সিটির প্রফেসর ও ভাইস প্রেসিডেন্ট ড. জিয়া হাসান। তাঁকে পরিচয় করিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সাদাত জামান খান। প্রফেসর হাসানের বক্তব্যের মূল বিষয় হলো কীভাবে অবজেক্টিভ বেইজড কারিকুলাম গঠনের মাধ্যমে শিক্ষার্থীদের সুষ্ঠু মূল্যায়ন নিশ্চিত করা যায়। তিনি তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা এবং এই বিষয়ক জ্ঞানের আলোকে অত্যন্ত সাবলীলভাবে তাঁর বক্তব্য পেশ করেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম তাঁর বক্তব্যে উপস্থিত শিক্ষকদের উদ্দেশ্যে ইংরেজি ভাষা ও সাহিত্যের বিভিন্ন বিষয়ে গবেষণা চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দেন। সেমিনারে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী এবং বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলী। তাঁরাও তাঁদের মূল্যবান মতামত প্রদান করে সেমিনারকে আরও প্রাণবন্ত করে তোলেন।

# নরসিংদী ঘোড়াশালে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে প্রিমিয়ার ইউনিভার্সিটি শিক্ষার্থীদের ৩ সপ্তাহব্যাপী ট্রেনিং সমাপ্ত

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নরসিংদী ঘোড়াশালে অবস্থিত ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)-এ প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের 'ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ফর ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড ইন্সট্রুমেন্টেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি ২১ আগস্ট ২০২২, রবিবার, টিআইসিআই অডিটোরিয়ামে সমাপ্ত হয়েছে। বাংলাদেশকে প্রযুক্তিক্ষেত্রে একটি সমৃদ্ধ জাতি হিসেবে গড়ে তুলতে টিআইসিআই নিয়মিতভাবে বিসিআইসির নিজস্ব কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়মিতভাবে ট্রেনিং দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় প্রতিবছরের ন্যায় প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের ২২, ২৩ ও ২৪তম ব্যাচের ৪০ জন শিক্ষার্থী ২৯ জুলাই ২০২২ থেকে ২১ আগস্ট ২০২২ পর্যন্ত তিন সপ্তাহব্যাপী ট্রেনিং-এ অংশগ্রহণ করে। এই ট্রেনিংয়ের শিক্ষার্থীদের ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর বিভিন্ন ব্যবহারিক দিক, যেমন, পাওয়ার সিস্টেম ক্যালকুলেশন, ইন্ডাস্ট্রিয়াল সেফটি, ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন, ইলেকট্রিক্যাল সেইফটি, সুইচিং এন্ড প্রোটেক্টিভ ডিভাইস, ট্রান্সফরমার, *১৬ পৃষ্ঠার ১ম কলাম*



# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক সপ্তাহব্যাপী চলচ্চিত্র প্রদর্শনী শুরু

*১৫ পৃষ্ঠার পর*

স্বাধীনতা পায় নি। ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত তারা একটি ঔপনিবেশিক শাসনে ছিল। তারা চরম অর্থনৈতিক শোষণের শিকার ছিল। বাংলাদেশের অর্থনীতিকে শোষণ করেই পশ্চিম পাকিস্তান গড়ে তোলা হয়েছিল। বঙ্গবন্ধু এই শোষণের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করে বাঙালিকে প্রথম একটি স্বাধীন রাষ্ট্রের নাগরিক হওয়ার মর্যাদা এনে দিয়েছেন। তিনি বাঙালির ইতিহাসে অনশ্বর হয়ে থাকবেন। তিনি উল্লেখ করেন, ১৫ আগস্ট বঙ্গবন্ধু সপরিবারে নিহত হওয়ার দিনটি বাঙালি জাতি ও বাংলাদেশের ইতিহাসের অমোচনীয় এক কলঙ্কিত অধ্যায়। তিনি বলেন, বঙ্গবন্ধুর ইতিহাস, বাংলাদেশের ইতিহাস নতুন প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির এই চলচ্চিত্র প্রদর্শনী। তিনি আরও বলেন, যা পড়া হয় তার চেয়ে যা চোখে দেখা হয়, তা বেশি মনে থাকে। 'পথের পাঁচালি'র অপু ও দুর্গা এখনও আমার মনে রেখাপাত করে।

উদ্বোধকের বক্তব্যে নাট্যব্যক্তিত্ব জনাব নাসির উদ্দীন ইউসুফ বলেন, বঙ্গবন্ধু তাঁর দীর্ঘ সময়ের আন্দোলন-সংগ্রাম ও দীর্ঘ ন'মাসের মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ স্থাপন করে তাঁর কাছে বাঙালিকে চিরকালের জন্য ঋণী করেছেন। সুতরাং তাঁকে হত্যা করা হলেও ইতিহাস থেকে মুছে ফেলা যাবে না। প্রিমিয়ার ইউনিভার্সিটির এই চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে নতুন প্রজন্ম উপলব্ধি করতে পারবে বাঙালির হাজার বছরের ইতিহাসে বঙ্গবন্ধুই বাঙালির প্রকৃত মুক্তিদাতা। তিনি 'হাসিনা : এ ডটার'স টেল', 'রূপসা নদীর বাঁকে', 'লাল মোরগের ঝুঁটি', 'চিরঞ্জীব মুজিব' এবং 'বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও বাংলাদেশের অভ্যুদয়' শীর্ষক চলচ্চিত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ অনেক তথ্য তুলে ধরেন।

অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বঙ্গবন্ধুর ভয়াবহ হত্যাকাণ্ডের কথা স্মরণ করে বলেন, এই শোককে শক্তিতে পরিণত করার উদ্দেশ্যেই এই চলচ্চিত্র প্রদর্শনী। তিনি যে-চলচ্চিত্রগুলো নিয়ে এই চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে সেগুলো সম্পর্কে বলেন, চলচ্চিত্রগুলোতে ইতিহাস, ব্যক্তি ও সমাজের রূপায়ণ ঘটেছে। জনাব রেজাউর রহমান খান (পিপলু) 'হাসিনা : এ ডটার'স টেল' চলচ্চিত্র নির্মাণের ইতিবৃত্ত বর্ণনা করেন। জনাব রাকিবুল হাসান প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে এই চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটিকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির বক্তব্যে প্রফেসর একেএম তফজল হক বলেন, বঙ্গবন্ধুকে স্মরণ করার সবচেয়ে সুন্দর মাধ্যম বঙ্গবন্ধুকে জানা। তাঁর বই 'অসমাপ্ত আত্মজীবনী', 'আমার দেখা নয়াচীন' ও 'কারাগারের রোজনামচা' পড়ে আমরা তাঁকে জানতে পারি। কিন্তু তাঁকে জানার আরেকটি গুরুত্বপূর্ণ মাধ্যম হলো তাঁকে নিয়ে নির্মিত চলচ্চিত্র। উদ্বোধনী অনুষ্ঠান শেষে 'হাসিনা : এ ডটার'স টেল' চলচ্চিত্র প্রদর্শন করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অন্তঃপিইউডিএস বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন

২৭ পৃষ্ঠার পর

হয়েছে মোহাম্মদ ইশতিয়াক ও প্রতিযোগিতার শ্রেষ্ঠ বিতার্কিক হয়েছে তন্ময় তাহসিন। ৬টি দল নিয়ে আয়োজিত এই প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য একুশে পদকপ্রাপ্ত প্রখ্যাত সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার প্রফেসর এ.কে.এম. তফজল হক এবং রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। অতিথিরা নতুন বিতার্কিকদের উঠিয়ে আনার জন্য সংগঠনের বর্তমান কার্যনির্বাহী পরিষদের এই প্রচেষ্টার উচ্ছ্বসিত প্রশংসা করেন। পিইউডিএস ভবিষ্যতেও সাবলিল অগ্রযাত্রা অব্যাহত রাখতে পারবে, এই প্রত্যাশা তাঁরা ব্যক্ত করেন। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে ও মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহা, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী অধ্যাপক নিলুফার সুলতানা, আইন বিভাগের সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মিনহাজ হোসাইন, তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের প্রভাষক দুহিতা চৌধুরী, সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগের প্রভাষক তানিয়া মাহমুদা তিন্নি। এছাড়াও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির প্রাক্তন দপ্তর সম্পাদক আবিদ হাসান, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি ফজলে রাব্বি ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। শেষে বিতর্কের বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথিরা। *দৈনিক পূর্বদেশ, ২১.১২.২০২২, পৃ.৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইকিউএসির সভা অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-এর সঙ্গে বিভাগীয় সকল চেয়ারম্যান ও আইসিটি সেল-এর এক সভা অনুষ্ঠিত হয়েছে। ১৪ আগস্ট ২০২২, আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. তৌফিক সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, আইকিউএসির অ্যাডিশনাল ডিরেক্টর প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, আইকিউএসির অ্যাডিশনাল ডিরেক্টর মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান জাহেদুল ইসলাম ও স্যোসিওলজি ২১ পৃষ্ঠার ১ম কলাম



## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক সপ্তাহব্যাপী চলচ্চিত্র প্রদর্শনী শুরু

প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ১০ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত সপ্তাহব্যাপী 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। ১০ আগস্ট ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই চলচ্চিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অনুষ্ঠানে উদ্বোধক ছিলেন একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব নাসির উদ্দীন ইউসুফ। অনুষ্ঠানে অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, 'হাসিনা : এ ডটার'স টেল' চলচ্চিত্রের পরিচালক জনাব রেজাউর রহমান খান (পিপলু) এবং চলচ্চিত্র পরিচালক ও সিনেমাটোগ্রাফার জনাব রাকিবুল হাসান। প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার ও 'শোকাহত বাংলাদেশ' শীর্ষক চলচ্চিত্র প্রদর্শনী বাস্তবায়ন কমিটির আহ্বায়ক প্রফেসর একেএম তফজল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৪৭ সালে পাকিস্তান স্বাধীন হলেও এদেশের জনগণ ১৪ পৃষ্ঠার ১ম ও ২য় কলাম




## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৌশল নির্ধারণী সভা

১৩ পৃষ্ঠার পর

ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, চিফ ইঞ্জিনিয়ার মো. আবু তাহের, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, প্রক্টর আহমদ রাজিব চৌধুরী ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের শিক্ষক সঞ্জয় কুমার দাশ।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে বিভিন্ন কৌশল নির্ধারণ করা হয়েছে; যেমন, একাডেমিক ক্লাস সমাপ্ত হওয়ার সঙ্গে সঙ্গে যেন বৈদ্যুতিক সুইচসমূহ বন্ধ করা হয়। অহেতুক যেন এসি চালানো না হয় অথবা একেবারেই যেন বন্ধ রাখা হয়। এছাড়া ক্লাসসমূহ সকাল ৮.৩০টা থেকে বিকেল ৩.৩০টার মধ্যে যেন সমাপ্ত করা হয়। প্রত্যেক ভবনে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় তদারকি করা জন্য মনিটরিং কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া প্রত্যেক ভবন পালাক্রমে দু'দিন করে সম্পূর্ণরূপে বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত

২১ এপ্রিল ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে। এই সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য ও একাডেমিক কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. অনুপম সেন। একাডেমিক কাউন্সিলের সদস্য হিসেবে সভায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রফেসর অমল ভূষণ নাগ, প্রফেসর ড. মোহীত উল আলম, প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রফেসর সোহেল এম. শাকুর এবং চবি রেজিস্ট্রার সমাজতত্ত্ব বিভাগের প্রফেসর এস. এম. মনিরুল হাসান। আরও উপস্থিত ছিলেন একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং *১৩ পৃষ্ঠার ২য় কলাম*



## নরসিংদী ঘোড়াশালে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে প্রিমিয়ার ইউনিভার্সিটি শিক্ষার্থীদের ৩ সপ্তাহব্যাপী ট্রেনিং সমাপ্ত

১৪ পৃষ্ঠার পর

ইলেক্ট্রিক্যাল মোটর, ট্রান্সমিটার, কন্ট্রোল সিস্টেম, বেয়ারিং, টারবাইন, মেশিন এলাইনমেন্ট, বয়লার এন্ড স্টিম সিস্টেম, পাওয়ার প্ল্যান্ট অপারেশন প্রসিডিওর-সহ ইন্সট্রুমেন্টেশনের বিভিন্ন দিক নিয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টিআইসিআই-এর নির্বাহী পরিচালক ও ঘোড়াশাল পলাশ সার কারখানার ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মহিউদ্দিন। টিআইসিআই-এর নির্বাহী প্রকৌশলী এহসানুল হক রাজুর সঞ্চালনায় ও ইলেক্ট্রিক্যাল বিভাগের চেয়ারম্যান মো. আরিফ হোসাইনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না ও প্রভাষক সৌমেন দত্ত।

প্রধান অতিথি ড. মো. মহিউদ্দিন তার বক্তব্যে বলেন, বাংলাদেশ সরকারের সার্বিক সহযোগিতায় নির্মিত এই ট্রেনিং ইনস্টিটিউটে আমরা একটি দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য বিগত ২০ বছর ধরে ট্রেনিং দিয়ে আসছি। তারই ধারাবাহিকতায় প্রিমিয়ার ইউনিভার্সিটির অত্যন্ত মেধাবী ৪০ জন শিক্ষার্থী আজ এখান থেকে প্রশিক্ষণ সমাপ্ত করল। তারা প্রশিক্ষণের মাধ্যমে নিজেদেরকে কর্মক্ষেত্রে আরো সুদক্ষ হিসেবে গড়ে তুলবে বলে আমি বিশ্বাস করি। আমাদের বিভিন্ন ল্যাবরেটরিতে তাদের পারফরম্যান্স ছিল অত্যন্ত আশাব্যঞ্জক।

উক্ত প্রশিক্ষণে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন করে যথাক্রমে শিক্ষার্থী রাকিবুল হাসান, মো. আলিমুদ্দিন ও উচ্ছাস দেবনাথ। সবশেষে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন অতিথিবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকান অ্যাম্বেসির যৌথ উদ্যোগে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত হয়েছে। ১৫ জুন ২০২২, অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান। সম্মানিত অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান জনাব সাদাত জামান খানের সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক জয়নাব তাবাসসুম বানুর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন 'আমেরিকাকে শিক্ষার অন্যতম শ্রেষ্ঠ পাদপীঠ' উল্লেখ করে বলেন, আমেরিকায় বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষার বিশাল সুযোগ রয়েছে। তিনি বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্যে আমেরিকার অবস্থান অনেক উচ্চে মন্তব্য করে বলেন, যারা আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যাবে, তারা বিজ্ঞান, অর্থনীতি ও সাহিত্য সম্পর্কে অনেক অনেককিছু জানতে পারবে। তারা আমেরিকার বিশ্ববিখ্যাত লাইব্রেরি অব কংগ্রেস ব্যবহার করে অনেক দুর্লভ গ্রন্থ পাঠ করার সুযোগ পাবে। তিনি আমেরিকাকে প্রচুর স্কলারের দেশ বলে অভিহিত করেন। আমেরিকান অ্যাম্বেসির কালচারাল অ্যাফেয়ার্স অ্যাটাচে শার্লিনা হোসাইন-মর্গান আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণের জন্য যেতে চাইলে কী কী প্রক্রিয়া অবলম্বন করতে হয়, সে-সম্পর্কে আলোচনা করেন। আমেরিকায় অনার্স, মাস্টার্স ও পিএইচডি করার ক্ষেত্রে ফুল টিউশন ফি ওয়েভার, ফেলোশিপস, অ্যাসিস্ট্যান্টশিপ, ক্যাম্পাস জবস ইত্যাদি সুযোগ-সুবিধা পাওয়ার কথা বিস্তারিতভাবে তুলে ধরেন। তিনি স্টেট ডিপার্টমেন্ট ফান্ডের আওতায় বিভিন্ন একাডেমিক ও প্রফেশনাল এক্সচেঞ্জ প্রোগ্রামের *২৪ পৃষ্ঠার ২য় কলাম*

## মৃত্যুর আগ পর্যন্ত তিনি জাতির পিতার আদর্শের রাজনীতিই করে গেছেন

*১২ পৃষ্ঠার পর*

চসিক-এর অধীনে নিয়ে সেগুলোর অভূতপূর্ব মানোন্নয়ন করেছিলেন। তিনি স্বাস্থ্যখাতে চসিক-এর অধীনে দুটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন। অনেক কমিউনিটি ক্লিনিকেরও তিনি প্রতিষ্ঠাতা। তাছাড়া তিনি চট্টগ্রামে উচ্চশিক্ষার প্রসারের লক্ষ্যে একটি ইউনিভার্সিটি–প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছেন। বস্তুত চট্টগ্রামের উন্নয়ন ও স্বার্থ রক্ষার জন্য তাঁর আপসহীন ও সাহসী ভূমিকা তাঁকে চট্টলবীরে পরিণত করে। প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, মৃত্যুর আগ পর্যন্ত এবিএম মহিউদ্দিন চৌধুরী জাতির পিতার আদর্শের রাজনীতিই করে গেছেন। এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবরে পুষ্পমাল্য অর্পণ করার আগে নগরীর জিইসি মোড়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় মসজিদে তাঁর আত্মার শান্তি কামনায় খতমে কোরান, মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ফ্যামিলি কোর্টস ইন বাংলাদেশ : এ কোয়েস্ট ফর জুরিসডিকশনাল রিফর্ম' শীর্ষক সেমিনার

## একসময় সমাজ পরিচালিত হতো প্রথার মাধ্যমে : উপাচার্য ড. অনুপম সেন




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে আইন বিভাগের উদ্যোগে 'ফ্যামিলি কোর্টস ইন বাংলাদেশ : এ কোয়েস্ট ফর জুরিসডিকশনাল রিফর্ম' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০৩ ডিসেম্বর ২০২২, আইকিউএসি, প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। আলোচক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, চট্টগ্রামের মেট্রোপলিটন সেশনস জজ ড. বেগম জেবুন্নেসা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক এবং রাঙামাটির নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) ইসমাঈল হোসাইন আমিম। বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে কিনোট স্পিকার ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক ফরিদুদ্দিন আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, একসময় সমাজ পরিচালিত হতো প্রথার মাধ্যমে। এখন পরিচালিত হয় রাষ্ট্রের আইনের মাধ্যমে। অনেক প্রথাই ধীরে ধীরে রাষ্ট্রের আইনে পরিণত হয়েছে, যেমন, ব্রিটিশ কমন *২৭ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

## সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, মেডিকেল সায়েন্স, প্রকৌশল বিদ্যাসহ প্রচুর বিষয়ে শিক্ষার্থীদের অধ্যয়নের ক্ষেত্রে সমাজবিজ্ঞান পাঠ করতে হয়। বস্তুত এটাই সঠিক কথা যে, সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন। ২৫ আগস্ট ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শিল্পবিপ্লবের বিবরণ দিয়ে চতুর্থ *২৬ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পাঁচদিন ব্যাপী 'বিজয় উৎসব' শীর্ষক বিজয় কনসার্ট ও চলচ্চিত্র প্রদর্শনী শুরু

*১ম পৃষ্ঠার পর*

নাট্যব্যক্তিত্ব, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব নাসির উদ্দীন ইউসুফ। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৬ মার্চের প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা দেন। ১৬ ডিসেম্বর হলো বাঙালির বিজয় অর্জনের দিন। বাঙালির হাজার বছরের ইতিহাসে এই দুটো দিনের সমতুল্য আর কোনো দিন নেই। তিনি উল্লেখ করেন, এদেশে আগে রাজা-বাদশাহ্‌রা ছিলেন, মোঘল সম্রাটরা ছিলেন। কিন্তু বাঙালির কোনো স্বাধীনতা ছিল না। পরবর্তীতে ইংরেজ ও পাকিস্তান আমলেও বাঙালিরা স্বাধীনতা পায়নি। বাঙালির প্রকৃত স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠিত হয় ১৯৭১ সালে বঙ্গবন্ধুর নেতৃত্বে। আগে বাঙালির কোনো সংবিধানও ছিল না। বঙ্গবন্ধু বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করে তাদের একটি সংবিধানও দেন, যেখানে বলা হয়, এই রাষ্ট্রের মালিক বাঙালি জনগণ। ড. অনুপম সেন বলেন, ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত বাঙালিরা পাকিস্তানি ঔপনিবেশিক শাসনে ছিল। তারা চরম অর্থনৈতিক শোষণের শিকার ছিল। বাংলাদেশের অর্থনীতিকে শোষণ করেই পশ্চিম পাকিস্তান গড়ে তোলা হয়েছিল। বঙ্গবন্ধু এই শোষণের বিরুদ্ধে আজীবন সংগ্রাম করে বাঙালিকে প্রথম একটি স্বাধীন রাষ্ট্রের নাগরিক হওয়ার মর্যাদা এনে দিয়েছেন। তিনি বাঙালির ইতিহাসে অনশ্বর হয়ে থাকবেন। তিনি ভিয়েতনাম, আলজেরিয়া, ইংল্যান্ডসহ বিভিন্ন দেশের স্বাধীনতা সংগ্রাম ও স্বাধীনতা যুদ্ধের কথা তুলে ধরে বলেন, এদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস নতুন প্রজন্মকে জানতে হবে। তাহলেই তাদের মধ্যে যথার্থ দেশপ্রেম জাগ্রত হবে। তিনি বাংলাদেশকে মানবিক রাষ্ট্র হিসেবে গড়ে তোলার জন্য সকলের প্রতি আহ্বান জানান। উদ্বোধকের বক্তব্যে নাট্যব্যক্তিত্ব জনাব নাসির উদ্দীন ইউসুফ বলেন, বাঙালি জাতির মুক্তি ও স্বাধীনতার জন্য তার প্রথম যুদ্ধ হলো একাত্তরের মুক্তিযুদ্ধ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শত শত বছর পরাধীন থাকা বাঙালিকে স্বাধীনতা দেওয়ার জন্য পাকিস্তান আমলে দীর্ঘ ২৩ বছর আন্দোলন-সংগ্রাম করেন। তারপর এই মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা করেন। তিনি রাজনৈতিকভাবে বঙ্গবন্ধুর বেড়ে উঠার বিবরণ দিয়ে বলেন, ১৫ আগস্ট বঙ্গবন্ধু সপরিবারে নিহত হওয়ার দিনটি বাঙালি জাতি ও বাংলাদেশের ইতিহাসের অমোচনীয় এক কলঙ্কিত অধ্যায়, বড়ো ট্র্যাজেডি। তিনি উল্লেখ করেন, বঙ্গবন্ধু তাঁর দীর্ঘ সময়ের আন্দোলন-সংগ্রাম ও দীর্ঘ ন'মাসের মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ স্থাপন করে তাঁর কাছে বাঙালিকে চিরকালের জন্য ঋণী করেছেন। সুতরাং তাঁকে হত্যা করা হলেও ইতিহাস থেকে মুছে ফেলা যাবে না। তিনি মুক্তিযুদ্ধের ইতিহাস পাঠ জরুরি উল্লেখ করে বলেন, আমরা এমন একটি দেশ চেয়েছিলাম, যা অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক হবে। আমরা বিশ্বাস করি, তা একদিন প্রতিষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বিজয় কনসার্ট। প্রসিদ্ধ নাট্যশিল্পী ও সংগীতশিল্পী শিমুল ইউসুফ বিজয় কনসার্টে দেশাত্মবোধক গান পরিবেশন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। এছাড়া সহকারী ডিন, বিভাগীয় প্রধানগণ এবং শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'লেসন প্ল্যান, অ্যাসেসমেন্ট এন্ড সিও-পিও অ্যাটেইনমেন্ট' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

*১৮ পৃষ্ঠার পর*

প্রশ্নেরও জবাব দেন। কর্মশালায় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর এম. মঈনুল হক ও মোহাম্মদ ইফতেখার মনির।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'লেসন প্ল্যান, অ্যাসেসমেন্ট এন্ড সিও-পিও অ্যাটেইনমেন্ট' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-র উদ্যোগে 'লেসন প্ল্যান, অ্যাসেসমেন্ট এন্ড সিও-পিও অ্যাটেইনমেন্ট' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৮ ডিসেম্বর ২০২২, এই কর্মশালা প্রিমিয়ার ইউনিভার্সিটির সব বিভাগের শিক্ষকদের নিয়ে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই কর্মশালায় ফ্যাসিলিটেটর ছিলেন আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. তৌফিক সাঈদ। তিনি কীভাবে পাঠ পরিকল্পনা করতে হয়, পরীক্ষার খাতা মূল্যায়ন করতে হয় এবং সিও-পিও অ্যাটেইন করতে হয়, সেসব ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। তিনি শিক্ষকদের বিভিন্ন *১৭ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'বিজয় উৎসব' শীর্ষক মুক্তিযুদ্ধের চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী

*২৩ পৃষ্ঠার পর*

মিলিয়েই। ব্রিটিশের বিরুদ্ধে আমাদের অনেক ক্ষোভ রয়েছে। আমরা তাদের উপনিবেশ ছিলাম ১৯০ বছর। আমাদের বিপুল সম্পদ তারা লুণ্ঠন করেছে। কিন্তু তাদের জ্ঞানের, তাদের সংস্কৃতির যে-ঐশ্বর্য তা আমরা অস্বীকার করতে পারি না। জার্মানী দুটো মহাযুদ্ধ ঘটিয়েছে; হিটলারের মতো অমানবিক ও নির্দয় মানুষের জন্ম দিয়েছে। তারপরও আমরা অস্বীকার করতে পারি না যে, জার্মানী অসাধারণ সব লেখক, নাট্যকার, কবি ও সুরকারের স্রষ্টা; তার রয়েছে বিশাল সাংস্কৃতিক ঐতিহ্য। বস্তুত কোনো দেশের সংস্কৃতিকে অস্বীকার ও অবজ্ঞা করা যায় না। একটা দেশকে এগিয়ে নিতে হলে তাকে সংস্কৃতিঋদ্ধ করেই এগিয়ে নিতে হয়। বাংলাদেশকেও সংস্কৃতিঋদ্ধ করেই এগিয়ে নিতে হবে। ড. সেন আরও বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির মুখ্য কাজ জ্ঞান বিতরণ ও জ্ঞান সৃষ্টি করা হলেও আমরা চাই, শিক্ষার পাশাপাশি এই ইউনিভার্সিটির শিক্ষার্থীরা বাংলাদেশের সংস্কৃতি সম্পর্কে জানুক, এই সংস্কৃতিকে ধারণ করুক। কারণ, শিক্ষা ও সংস্কৃতি অচ্ছেদ্য। এ কারণেই প্রিমিয়ার ইউনিভার্সিটি বিভিন্ন সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে থাকে। পাঁচদিনের 'বিজয় উৎসব' শীর্ষক বিজয় কনসার্ট ও মুক্তিযুদ্ধের চলচ্চিত্র প্রদর্শনী তারই উদাহরণ। ড. সেন ১৬ ডিসেম্বরের বিজয়কে বাঙালির হাজার বছরের ইতিহাসে সর্বশ্রেষ্ঠ বিজয় বলে উল্লেখ করেন। সম্মানিত অতিথি জনাব নাসির উদ্দীন ইউসুফ বলেন, মুক্তিযুদ্ধের সময় ৭ কোটি মানুষের মধ্যে ৬ কোটি মানুষ মুক্তিযুদ্ধের পক্ষে ছিলেন। প্রত্যেকের মুক্তিযুদ্ধ সম্পর্কিত গভীর বেদনাদায়ক ঘটনা রয়েছে, স্মৃতি রয়েছে। এসব ঘটনা ও স্মৃতি চলচ্চিত্র নির্মাণের উপযোগী। ইতোমধ্যে কোনো কোনো ঘটনা নিয়ে চলচ্চিত্র নির্মিত হয়েছে। এসব চলচ্চিত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দেখানো দরকার, শিক্ষার পাশাপাশি যেন তারা বাংলাদেশের ইতিহাস, মুক্তিযুদ্ধের ইতিহাস অবগত হতে পারে। তিনি 'বিউটি সার্কাস' চলচ্চিত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে বলেন, এই চলচ্চিত্রে মুক্তিযুদ্ধের গল্প বলার চেষ্টা করা হয়েছে। 'বিউটি সার্কাস' চলচ্চিত্রের পরিচালক জনাব মাহমুদ দিদার চলচ্চিত্রটি নির্মাণের ইতিহাস বর্ণনা করেন।

## যুক্তিই হলো বিতর্কের ভিত্তি : উপাচার্য ড. অনুপম সেন

*৭ম পৃষ্ঠার পর*

বালক উচ্চ বিদ্যালয় ও কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ধানমণ্ডি সরকারি বালক উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং হবিগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজিব চৌধুরী। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, যুক্তিই হলো বিতর্কের ভিত্তি। তিনি বলেন, সভ্যতার অগ্রগতিতে সাহিত্য ও সঙ্গীতের মতো বিতর্কেরও ভূমিকা রয়েছে। বিশেষভাবে বলতে গেলে, বিতর্কের ভূমিকাই বড়ো। সক্রেটিস ও প্লেটোসহ বিশ্ববিখ্যাত অনেক দার্শনিক জ্ঞানকে এগিয়ে নিয়ে গেছেন দর্শনের মাধ্যমে, যার ভিত্তি হলো যুক্তি। ড. সেন আরও বলেন, প্লেটোর মুখ্য রচনাগুলো, যেমন, রিপাবলিক, সিম্পোজিয়াম ইত্যাদি ডায়ালগে একজনের বক্তব্য খণ্ডন করছেন আরেকজন ডায়ালগের মধ্য দিয়ে। প্লেটোর এইসব ডায়ালগের মুখ্য বক্তা বা তার্কিক-তাত্ত্বিক হলেন সক্রেটিস। বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান বলেন, একাডেমিক শিক্ষার পাশাপাশি বিতর্ক হলো সহশিক্ষা। এই সহশিক্ষা ব্যক্তিকে দক্ষ, অভিজ্ঞ, আত্মবিশ্বাসি ও নৈতিক করে তুলতে সহায়তা করে। ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক বলেন, প্রতিষ্ঠার পর থেকে পিইউডিএস-এর অর্জন অনেক। আন্তর্জাতিক অর্জনও রয়েছে এই সংগঠনের, যা প্রিমিয়ার ইউনিভার্সিটির সুনাম বৃদ্ধি করেছে। গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির বলেন, জেনারেল এডুকেশনের অনেকাংশ জুড়েই রয়েছে বিতর্কচর্চা, সহশিক্ষা হিসেবে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান বলেন, বিতর্ক অসাধারণ একটি শিল্পমাধ্যম। সমাজকে গঠন ও উন্নত করতে বিতর্কের বিকল্প নেই। স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি সৌমেন সরকার ও সাধারণ সম্পাদক আতহিহারুল কবির তিহার। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর নিলুফার সুলতানা, মডারেটর সাইফুদ্দিন মুন্না ও মডারেটর নুসরাত শারমিন।

## বিতর্ক আইনের শিক্ষার্থীদের যুক্তিমনস্কতা ও বিশ্লেষণী ক্ষমতা বাড়ায়

*৩য় পৃষ্ঠার পর*

বিভাগের বিভিন্ন ব্যাচের ৬ জন প্রতিশ্রুতিশীল নবীন বিতার্কিককে 'ডিবেটার অফ দ্যা টুর্নামেন্ট' ঘোষণা করা হয়। ফাইনাল বিতর্কের পরে পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইন বিভাগের চেয়ারপারসন মিসেস তানজিনা আলম চৌধুরী। সম্মানিত অতিথি ছিলেন প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, আইন বিভাগের শিক্ষক অনুপ কুমার বিশ্বাস, হুমায়রা নওশিন উর্মি, ফাহমিদা কাদের, ফরিদ উদ্দিন আহমেদ, ইয়াসমিন ফারজানা, মাহবুবা সুলতানা ও তাহমিনা সানজিদা সাহীদ প্রমুখ।

আইন বিভাগের শিক্ষক সঞ্জয় বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মিসেস তানজিনা আলম চৌধুরী বলেন, করোনা মহামারী পরবর্তী সময়ে আইনের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ভালো রাখতে বিতর্কের মত সহশিক্ষা কার্যক্রমগুলোতে শিক্ষার্থীদের আরো বেশি অংশগ্রহণ করা উচিত। বিতর্ক আইনের শিক্ষার্থীদের যুক্তিমনস্কতা ও বিশ্লেষণী ক্ষমতা বাড়ায় এবং ভবিষ্যতে দক্ষ আইন পেশাজীবী হয়ে গড়ে উঠবার ক্ষেত্রে তাদেরকে প্রস্তুত করে। তিনি আগামী দিনগুলোতে আইন বিভাগের উদ্যোগে নিয়মিত আইন বিতর্ক ও মুটিং প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনার কথা জানান।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান দূতাবাস ও বেঙ্গল ফাউন্ডেশনের উদ্যোগে 'ভয়েসেস অব বাংলাদেশ' শীর্ষক ভ্রাম্যমান প্রদর্শনী



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আমেরিকান দূতাবাস এবং বেঙ্গল ফাউন্ডেশনের উদ্যোগে 'ভয়েসেস অব বাংলাদেশ' শীর্ষক ভ্রাম্যমান প্রদর্শনী শুরু হয়েছে। ০৬ নভেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় শুরু হওয়া এই প্রদর্শনী ১০ নভেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে। প্রদর্শনীতে মৌখিক ইতিহাসের (ওরাল হিস্ট্রি) মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময়ের অজানা গল্প ও তথ্যগুলো সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এদেশের নারী, এদেশের বৃদ্ধ, এদেশের সাধারণ মানুষ মুক্তিযুদ্ধের সময়ে যে-অভিজ্ঞতার মধ্যে দিয়ে গেছিলেন, সেই অজানা তথ্যগুলো মৌখিক ইতিহাস হিসেবে সংরক্ষণ করা হবে। এছাড়াও তথ্যচিত্র এবং অডিও-ভিডিওর মাধ্যমে এই প্রদর্শনীতে বাংলাদেশের ইতিহাসের সংক্ষিপ্ত বিবরণী এবং ৫০ বছরে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের কিছু তথ্য দর্শকদের সামনে তুলে ধরা হবে। ভ্রাম্যমান প্রদর্শনীর উদ্বোধনী দিনে প্রদর্শনীটি ঘুরে দেখেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার *২৫ পৃষ্ঠার ২য় কলাম*

## বাঙালিই বিশ্ব-ইতিহাসে প্রথম ভাষার জন্য রক্তদান করে

*২৮ পৃষ্ঠার পর*

চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম প্রমুখ। শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, ২৩ বছর ধরে পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তানিদের উপর নির্মম ঔপনিবেশিক শোষণ অব্যাহত রেখেছিল এবং শোষণের হাতিয়ার হিসেবেই তারা ভাষাকে ব্যবহার করতে চেয়েছে। সেসময় মুসলিম লীগের নেতৃত্বে যারা ছিলেন, তারা, এমনকি তৎকালীন পূর্ব বাংলার প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দিনের পরিবারও উর্দু ভাষার তোষক ছিল। কারণ, মুসলিম লীগের মুখ্য নেতৃবৃন্দের মুখের ভাষা ছিল উর্দু। যদিও উর্দু ছিল পাকিস্তানের কেবলমাত্র সাড়ে সাত শতাংশ মানুষের মুখের ভাষা। অন্যদিকে ছাপ্পান্ন শতাংশ লোকের মুখের ভাষা ছিল বাংলা। তবু পশ্চিম পাকিস্তান উর্দুকেই একমাত্র রাষ্ট্রভাষা করার চক্রান্ত করেছিল। বায়ান্নর ভাষা আন্দোলনের ফলে এই চক্রান্ত ব্যর্থ হয়। এই ভাষা আন্দোলনের পথ ধরেই বঙ্গবন্ধুর নেতৃত্বে পূর্ব পাকিস্তানকে শোষণমুক্ত করে বাংলাদেশ রাষ্ট্রের সৃষ্টি হয়। ড. সেন বাংলা ভাষা আন্দোলনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্পৃক্ততার ইতিহাস বর্ণনা করে বলেন, বাঙালিই বিশ্ব-ইতিহাসে প্রথম ভাষার জন্য রক্তদান করে। তিনি আরও বলেন, ১৯৪৮ সালে বঙ্গবন্ধু ভাষা সংগ্রাম পরিষদ গঠন করে ভাষা আন্দোলনের সূচনা করেন এবং এর জন্য কারাবরণও করেছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে নবম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব শুরু

*৬ পৃষ্ঠার পর*

বিবেচনা করে এবারের আয়োজনের প্রথম দুদিন অনলাইনে করার সিদ্ধান্ত নেওয়া হয়। দেশের ২৪টি স্কুল ও ২৪ টি কলেজ নিয়ে শুরু হয়েছে এবারের আয়োজন। স্কুল ও কলেজ পর্যায়ে অংশগ্রহণ করছে চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, ডাক্তার খাস্তগীর উচ্চ বিদ্যালয়, বাংলাদেশ মহিলা সমিতি স্কুল, আদমজি ক্যান্টনমেন্ট স্কুল, আরমানিটোলা উচ্চ বিদ্যালয়, নটরডেম কলেজ, সরকারি বিজ্ঞান কলেজ, সরকারি হাজী মোহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, বাকলিয়া কলেজ, ঢাকা কমার্স কলেজ, হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী কলেজ, রাজশাহী নিউ গভর্নমেন্ট কলেজ,, বাংলাদেশ নৌবাহিনী স্কুলসহ বাংলাদেশের নামকরা সব স্কুল কলেজ। এই আয়োজনে আরো রয়েছে নবম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ও জাতীয় বিতর্ক উৎসব।

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে পিঠা উৎসব

## বাঙালির ঋদ্ধ গ্রামীণ সংস্কৃতি হাজার বছরের




২৭ ডিসেম্বর ২০২২, হাজারী লেইনস্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি ভবনে অর্থনীতি বিভাগের উদ্যোগে পিঠা উৎসবের আয়োজন করা হয়। দিনব্যাপী এই উৎসবে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা এবং ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী উৎসবে সভাপতিত্ব করেন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাঙালি সংস্কৃতি ও বাঙালি সমাজ মুখ্যত গ্রামীণ। এই সংস্কৃতি ও সমাজে পিঠার স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং বাঙালির কাছে এই পিঠার কদর চিরদিন থাকবে। তিনি পিঠা উৎসবের আয়োজন করায় অর্থনীতি বিভাগের শিক্ষার্থীদের প্রশংসা করে তাঁদের উদ্দেশ্যে বলেন, বাঙালির অর্থনীতি মুখ্যত গ্রামীণ ছিল। এখনও গ্রামীণ অর্থনীতির ভূমিকা ন্যূন নয়। যদিও নাগরিক শিল্প ও সেবা ক্রমশ বাংলাদেশের অর্থনীতিতে মুখ্য স্থান অধিকার করছে। কিন্তু গ্রামীণ কৃষির উপর আমাদের নির্ভরতা সবসময় ছিল, সবসময় থাকবে, একই সঙ্গে গ্রামীণ সংস্কৃতির উপরও। আমাদের গ্রামীণ সংস্কৃতির ঐশ্বর্য অনেক। তা রক্ষা করতে হবে, যেমন, পিঠা সংস্কৃতি। প্রফেসর ড. সেন আরও বলেন, ষোলো-সতেরো শতক এবং আঠারো শতকের মধ্যভাগ পর্যন্ত আমাদের গ্রামীণ অর্থনীতি অত্যন্ত সমৃদ্ধশালী ছিল। তখন গ্রাম ছিল স্বনির্ভর। কেবল লবণ, লোহা, সোনা, রূপা–এসবের জন্য গ্রামকে তখন শহরের উপর নির্ভর করতে হতো। এছাড়া সবকিছু গ্রামে পাওয়া যেত। তখন গ্রাম ছিল 'ছায়া সুনিবিড় শান্তির নীড়'। সেসময় গ্রামীণ সংস্কৃতি ছিল খুবই ঋদ্ধ। বারো মাসে তেরো পার্বণ অনুষ্ঠিত হতো। হতো পিঠা পুলির *২৫ পৃষ্ঠার ১ম কলাম*

## 'Launching Ceremony of UTS-PUC Program' শীর্ষক অনুষ্ঠান উপলক্ষে ইউটিএস ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সংবাদ সম্মেলন

*২য় পৃষ্ঠার পর*

ইউটিএস-এর হেড অব স্ট্রাটেজিক প্রজেক্টস মিকাইলা জেমস, ইউটিএস-এর রিজিয়নাল ডিরেক্টর পঙ্কজ জেইন, ইউটিএস-এর রিজিয়নাল পার্টনার ম্যানেজার অপরাজিতা মাল্লা, প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)-র ফাউন্ডার এন্ড সিইও ড. আরিফ জোবায়ের। সংবাদ সম্মেলনে বলা হয়, ইউটিএস অস্ট্রেলিয়ার সিডনির প্রাণকেন্দ্রে অবস্থিত। উদ্ভাবনী শিক্ষণ পদ্ধতির জন্য এই ইউনিভার্সিটি অস্ট্রেলিয়ায় ব্যাপকভাবে পরিচিত ও বিখ্যাত। অস্ট্রেলিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে রেংকিং-এ ইউটিএস প্রথম সারিতে রয়েছে। ইউটিএস অনলাইনে ও অফলাইনে সর্বোত্তম শিক্ষা প্রদান করে থাকে। প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)'র সঙ্গে পার্টনারশিপের ভিত্তিতে ইউটিএস বাংলাদেশে তাদের কার্যক্রম শুরু করেছে এদেশের শিক্ষার্থীদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা নিয়ে। এই অংশীদারিত্বের অংশ হিসেবে ফেব্রুয়ারি ২০২৩ ইনটেক থেকে ইউটিএস বাংলাদেশে তাদের ডিগ্রির প্রথম বছর চালু করবে এবং বাংলাদেশের শিক্ষার্থীদের অত্যন্ত কম খরচে সেরা মানের আন্তর্জাতিক শিক্ষার প্রবেশাধিকার প্রদান করবে। এই প্রোগ্রামের শুভ উদ্বোধন হবে ১৫ অক্টোবর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে। আগ্রহী সকল শিক্ষার্থীরা এই অনুষ্ঠানে আমন্ত্রিত। এই প্রোগ্রামটি শিক্ষার্থীদের অস্ট্রেলিয়া ভ্রমণ এবং উচ্চশিক্ষার সহজ সুযোগ তৈরি করবে। 'Launching Ceremony of UTS-PUC Program' শীর্ষক এই অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এমপি। বিশেষ অতিথি থাকবেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি, Mr. Jeremy Bruer, Australian High Commissioner to Bangladesh, Dr. Alex Murphy, Managing Director, UTS এবং ড. আরিফ জোবায়ের, ফাউন্ডার এন্ড সিইও, বাংলাদেশ এডুকেশন এন্ড রিসার্চ ইনস্টিটিউট (বেরি)। সভাপতিত্ব করবেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয়, উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিক্ষার্থী এবং অভিভাবকরা ইউটিএস প্রতিনিধিদের সাথে মতবিনিময় করতে পারবেন এবং একই দিনে যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অফার লেটার পাবেন। শিক্ষার্থীরা সন্ধ্যা ৬টায় চট্টগ্রাম রেডিসন ব্লু হোটেলের নীলগিরি হল-লেভেল-৫ থেকে অফার লেটার সংগ্রহ করতে পারবেন। এই অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ড. মুহাম্মদ হাসান মাহমুদ এমপি, মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী। বিশেষ অতিথি থাকবেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী। সভাপতিত্ব করবেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অফার লেটার প্রাপ্ত শিক্ষার্থীরা নিম্নোক্ত সুবিধাসমূহ পাবেন, ১. টিউশন ফি এবং জীবনযাত্রার খরচ প্রথম বছরে অস্ট্রেলিয়ার চেয়ে ৭৫% সাশ্রয় হবে ২. প্রোগ্রামে দ্রুত এনরোলকারী শিক্ষার্থীরা ভিসা পাওয়ার আগেই ক্রেডিট অর্জনের সুযোগ পাবেন ৩. প্রোগ্রামে প্রবেশের জন্য সহজ ইংরেজি দক্ষতা ৪. ছোট শ্রেণিকক্ষ তৈরি করে ও স্থানীয়ভাবে সহায়তা নিয়ে উচ্চশিক্ষা সহজে অর্জন করতে পারবে ৫. অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা শিক্ষার্থীরা বাংলাদেশে বসে অর্জন করতে পারবে। অস্ট্রেলিয়ায় যাওয়ার পর বাংলাদেশের শিক্ষার্থীরা নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাবেন: ১. অধ্যয়নের সাথে পরিচিত হবার কারণে সাফল্যের সম্ভাবনা বৃদ্ধি পাবে ২. সপ্তাহে ২০ ঘন্টা কাজের সুযোগ ২. পড়ালেখা শেষে কাজের সুযোগ ৩. সাধারণ ও মেধাভিত্তিক বৃত্তি প্রদান ৪. ১ম বছরে ৮ মাসে শিক্ষাবর্ষ হবে এবং শিক্ষার্থীরা ইউটিএস, অস্ট্রেলিয়ায় ভর্তির নিশ্চয়তা প্রাপ্ত হবে। সংবাদ সম্মেলনে, আগামী প্রোগ্রামে ইউটিএস শিক্ষার্থীদের উপস্থিতি কামনা করেছে এবং ভবিষ্যতে ইউটিএস শিক্ষার্থী হিসেবে তাদের উজ্জ্বল ক্যারিয়ার নির্মাণে আগ্রহ প্রকাশ করেছে।

## গণহত্যা শুরুর পর পর বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেন

*২৮ পৃষ্ঠার পর*

আলম প্রমুখ। শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বাংলাদেশে পশ্চিম পাকিস্তানের ২৩ বছরের শোষণের ইতিহাস বর্ণনা করে বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী অপারেশন সার্চলাইট পরিচালনার মাধ্যমে এদেশে গণহত্যার সূচনা করে। তারা ঢাকার পিলখানার ইপিআর সদর দপ্তর, রাজারবাগ পুলিশলাইনসহ দেশের বিভিন্ন স্থানে ট্যাংক, মেশিনগান ও ভারি অস্ত্র-শস্ত্র সহযোগে ভয়াবহ আক্রমণ চালিয়ে নিরীহ বাঙালিদের হত্যা করতে থাকে। সেই রাতে ঢাকায় ও চট্টগ্রামে অগণিত নিরীহ বাঙালিকে হত্যা করা হয়। বাঙালি এই বিভিষিকাময় রাতের কথা কোনোদিন ভুলতে পারবে না।

ড. অনুপম সেন আরও বলেন, ২৫ মার্চ রাতে গণহত্যা শুরুর পর পর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করেন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা জাতির জনক বঙ্গবন্ধু, ত্রিশ লক্ষ শহীদ ও দুই লক্ষ মা-বোন-জায়ার বিসর্জন দেওয়া সম্ভ্রমের কথা স্মরণ করে বলেন, স্বাধীনতা দিবস আমাদের অহংকার। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, ২৫ মার্চের গণহত্যা এখনও আন্তর্জাতিকভাবে স্বীকৃত হয়নি। বাঙালির জন্য এই স্বীকৃতি খুবই প্রয়োজন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, জাতির জনকের সৃষ্ট বাংলাদেশ উন্নয়নের দিক দিয়ে পা পা করে অনেকদূর এগিয়েছে। এই কৃতিত্ব তাঁর কন্যা দেশরত্ন শেখ হাসিনার।

## ইউজিসি চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. দিল আফরোজা বেগমের প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শন



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর মাননীয় চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. দিল আফরোজা বেগম ২৬ নভেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শন করেছেন। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাস, ইংরেজি বিভাগ, এই বিভাগের শ্রেণিকক্ষ পরিদর্শন করে আন্তরিক সন্তুষ্টি প্রকাশ করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিদর্শনের আগে তিনি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান এম. জাহেদুল ইসলাম ও ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ।

# শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হতে হবে

*৩য় পৃষ্ঠার পর*

তফাৎ রয়েছে। প্রাইমারিতে শিক্ষকরা তোমাদের হাত ধরে শিখিয়েছে। মাধ্যমিকে তোমরা একটু স্বাধীন হয়ে শিখেছো। কলেজে তোমরা আরও স্বাধীন হলেও সেখানে তোমরা পড়েছো নির্দিষ্ট সংখ্যক বই। বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে নানা ধরনের বিশ্ববিদ্যা শিক্ষা দেওয়া হয়। শিক্ষকরা এমনসব উৎস বিশ্ববিদ্যালয়ে তোমাদেরকে দেবেন, যেসব উৎস অনুসরণ করে তোমরা জ্ঞানের পরিসর ক্রমশ বৃদ্ধি করতে পারবে। ড. অনুপম সেন সময়ের ব্যবধানে বিজনেসের ধরন ও কৌশল পরিবর্তন হয় উল্লেখ করে বলেন, এমাজনের শুরু হয়েছিল অনলাইনে বইয়ের ব্যবসা দিয়ে। কিন্তু এখন এমাজন যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে সবধরনের পণ্য অনলাইনে অর্ডার গ্রহণ করে ঘরে ঘরে পৌঁছে দেয়; যার ফলে আমেরিকার বড়ো বড়ো সুপার স্টোর, যেমন, ওয়াল মার্টের ব্যবসায় ধস নামে। ওয়াল মার্ট 'ফরচুন-৫০০'-এ ১ নম্বর ব্যবসা প্রতিষ্ঠান থেকে এখন অনেক নিচে নেমে গেছে। এভাবেই বিজনেসের ধরন বদলায়। ব্যবসা বিষয়ক শিক্ষার্থীদের শিক্ষা বিষয়ক জ্ঞান আহরণ করতে হবে বইয়ের পঠন-পাঠন থেকে এবং বিশ্বে ব্যবসার যে-নানা পরিবর্তন হচ্ছে তার সম্যক জ্ঞান অর্জন করে। ড. সেন শিক্ষার্থীদের জ্ঞানসমৃদ্ধ মানবিক মানুষ হওয়ার আহ্বান জানান। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের বলেন, তোমরা বিশ্ববিদ্যার স্বপ্ন ও আগ্রহ নিয়ে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পদার্পণ করেছো। এই স্বপ্ন ও আগ্রহ লালন করার সুযোগ তোমরা এখানে পাবে। এই স্বপ্নই তোমাদের পথ দেখিয়ে সামনে এগিয়ে নিয়ে যাবে। তোমাদের মেধাকেও তোমরা এখানে লালন করতে পারবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমরা যদি একটি মানবিক মূল্যবোধসম্পন্ন জাতি গড়ে তুলতে না পারি, তাহলে আমাদের দেশের সকল উন্নয়ন অর্থহীন হয়ে যাবে। এ কারণে শিক্ষার্থীদের মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে হবে। এজন্য শিক্ষকদের দিক-নির্দেশনা শিক্ষার্থীদের যথাযথভাবে অনুসরণ করা দরকার। ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ বলেন, ছাত্রজীবনের মধ্যে সবচেয়ে সেরা সময় হলো বিশ্ববিদ্যালয়-জীবন। নবীন এই শিক্ষার্থীরা এটাকে সদ্ব্যবহার করলে তাদের ভবিষ্যত জীবন উজ্জ্বল হবে। সভাপতির বক্তব্যে ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক নবীন শিক্ষার্থীদেরকে শিক্ষকদের প্রদত্ত পাঠ ও দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার তাগিদ দেন। বিভাগের শিক্ষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আইকিউএসির সভা অনুষ্ঠিত

*১৫ পৃষ্ঠার পর*

এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। আইসিটি সেল-এর প্রধান হিসেবে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক সাহিদ মো. আসিফ ইকবাল এবং সদস্য হিসেবে সহকারী রেজিস্ট্রার কামরুল হাসান ও ডেপুটি প্রোগ্রামার সৌমেন চক্রবর্তী উপস্থিত ছিলেন। সভায় কোয়ালিটি অ্যাসিওরেন্স এবং প্রোগ্রাম পর্যায়ের অ্যাক্রেডিটেশন প্রাপ্তির আবেদনের প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু করার জন্য আশু করণীয় নির্ধারণ করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের নির্দেশিত পন্থায় সকল কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার কাজ অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করা হয়। শুরু হতে যাওয়া একাডেমিক সেশন থেকে আউটকাম বেইসড শিক্ষাকার্যক্রম পূর্ণাঙ্গরূপে কার্যকর করার সিদ্ধান্ত হয়। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটকে সর্বাধুনিক এবং তথ্যবহুল করার ব্যাপারে আলোচনা করা হয়। এখন থেকে বিভাগগুলো এবং বিভাগগুলোর প্রোগ্রাম সেল্ফ অ্যাসেসমেন্ট কমিটির সঙ্গে আইকিউএসির নিয়মিত সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের 'উচ্চশিক্ষা ও অ্যাক্রেডিটেশন বিষয়ে উদ্বুদ্ধকরণ' শীর্ষক কর্মশালা

# অ্যাক্রেডিটেশন বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী প্রসেস : শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের উদ্যোগে 'উচ্চশিক্ষায় অ্যাক্রেডিটেশন বিষয়ে উদ্বুদ্ধকরণ' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৫ নভেম্বর ২০২২, এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এম.পি.। বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। স্বাগত বক্তা ছিলেন আইকিউএসি, প্রিমিয়ার ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী প্রধান অতিথির বক্তব্যে বলেন, অ্যাক্রেডিটেশন বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী প্রসেস। মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু-কন্যা শেখ হাসিনা উচ্চশিক্ষার মান নিয়ন্ত্রণে জোর দিয়েছেন। উচ্চশিক্ষার কাজ আমাদের যেভাবে সম্প্রসারিত হয়েছে, তাতে যারা অংশগ্রহণ করছে, তাদের কর্মসংস্থান থেকে শুরু করে তাদের মান নিয়ন্ত্রণ করা, তাদের যোগ্যতা নির্ধারণ করা এবং সুনির্দিষ্ট মাত্রায় তাদের ২৬ *পৃষ্ঠার ২য় কলাম*

# বাংলাদেশে ফ্যাশন ডিজাইনের প্রাচীন দৃষ্টান্ত হলো মসলিন

*৫ পৃষ্ঠার পর*

করেন। ড. অনুপম সেন আরও বলেন, মসলিন প্রমাণ করে, প্রাচীনকালে বাংলাদেশের বস্ত্রশিল্প সমৃদ্ধ ছিল। কৌটিল্য ও রোমান ইতিহাসবিদরা এদেশের বস্ত্রশিল্প নিয়ে লিখে গেছেন। তিনি উল্লেখ করেন, অষ্টম অথবা নবম শতকে আরব বণিক ও বিখ্যাত পরিব্রাজক সোলেমান বলেছিলেন একটি মসলিন কাপড় এত সূক্ষ্ম যে তা একটি আংটির ভেতর দিয়ে চলে যায়। বর্তমানে বাংলাদেশ পোশাকশিল্পের একটি প্রধান শিল্পকেন্দ্র। এই শিল্পকেন্দ্রে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির ভূমিকা বিরাট। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ফ্যাশন ডিজাইনের জন্য দরকার সৃজনশীলতা ও শিল্পমনস্কতা। নানা ধরনের ফ্যাশনের টেকনিক ও স্টাইল কীভাবে একসাথে করবে তার অভিজ্ঞতা তোমাদের অর্জন করতে হবে। পোশাকের বৈচিত্র্য, আধুনিকতা ও আন্তর্জাতিকতা তোমাদের উপলব্ধি করতে হবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আমাদের গার্মেন্টস শিল্পকে এগিয়ে যেতে হলে তাকে প্রতিযোগিতার মাধ্যমে এগুতে হবে এবং তা অনেকখানি নির্ভর করে ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজির উপর। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, একসময় কেউ ফ্যাশন করলে নেতিবাচক মন্তব্য শুনতে হতো। তখন কোনো বিশ্ববিদ্যালয়ে ফ্যাশন ডিজাইন নিয়ে বিভাগ খোলার কথা চিন্তাও করা যেতো না। এখন সময় পাল্টেছে। মানুষ ফ্যাশন সচেতন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি তার উদাহরণ। রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান বলেন, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি এই বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান অনুষদের অধীনে অন্তর্ভুক্ত হলেও তার একটি বড়ো অংশ নির্ভর করে প্রকৌশল বিদ্যার উপর। সুতরাং এই বিভাগটি প্রকৌশল বিভাগের অধীনেও থাকতে পারত।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-শিক্ষা অনুষদে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট-এর উপর কর্মশালা

৭ পৃষ্ঠার পর

কর্মশালা উদ্বোধনকালে বলেন, সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এখন অনেক গুরুত্বপূর্ণ। কারণ, পণ্যের মান ও উৎপাদন খরচ দুটোর উপরই এর প্রভাব রয়েছে। যথাযথভাবে সাপ্লাই চেইন ব্যবস্থাপনা করা গেলে পণ্যের মান উন্নত করার পাশাপাশি খরচ কমিয়ে রাখা যায়। তিনি আরও বলেন, ব্যবসা-শিক্ষা অনুষদ সবসময়ই শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রি রিলেটেড অভিজ্ঞতা প্রদানে সচেষ্ট। এরই অংশ হিসেবে উক্ত অনুষদ কর্মশালাটির আয়োজন করেছে, যা এই অনুষদ নিয়মিতভাবে অন্যান্য বিষয়ের উপর করে থাকে। আমরা বিশ্বাস করি, শিক্ষার্থীদের জন্য তত্ত্বীয় জ্ঞানের পাশাপাশি ইন্ডাস্ট্রি সংশ্লিষ্ট বাস্তব জ্ঞানের সমন্বয় ঘটানোর প্রয়োজন। এতে করে শিক্ষার্থীরা চাকুরিজীবনের প্রথম থেকেই প্রতিষ্ঠানের জন্য ভ্যালু যোগ করতে পারবে। প্রফেসর একেএম তফজল হক উপস্থিত শিক্ষার্থীদের মনোযোগ সহকারে কর্মশালার শিক্ষা গ্রহণের আহ্বান জানান। রিসোর্স পার্সন জনাব হাসান মোর্শেদ সাপ্লাই চেইন সংশ্লিষ্ট সমসাময়িক ইস্যুসমূহ নিয়ে গুরুত্বপূর্ণ আলোকপাত করেন। কর্মশালায় উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, ব্যবসা-প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক জুলিয়া পারভিন, স্টিভ অস্কার ডি রোজারিও এবং বিভাগের অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাগণ।

## ইংরেজি ভাষার সাহিত্যেই এই ভাষার প্রকৃত সৌন্দর্য নিহিত

৫ পৃষ্ঠার পর

তোমরা স্কুল ও কলেজে ছিলে, তারপর বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করেছো, ইংরেজি বিভাগে ভর্তি হয়েছো। এখন বেরিয়ে যাচ্ছো। আসলে তোমরা জীবনের বৃহৎ ক্ষেত্রে প্রবেশ করছো। আমার বিশ্বাস, তোমরা এই বিভাগ থেকে যে শিক্ষা নিয়ে বেরুচ্ছো, তা দিয়ে নিজেদের ও বাংলাদেশের কল্যাণ সাধিত করতে পারবে। একটা কথা খেয়াল রাখবে, জীবনের চলার পথে ও কর্মক্ষেত্রে কাউকে করুণা করবে না। ভালোবাসা ও মমত্ববোধ দিয়ে মানুষের অন্তর জয় করবে। এটাই মনুষ্যত্বের পরিচায়ক। তিনি ইংরেজি ভাষার প্রকৃত সৌন্দর্যের উল্লেখ করে বলেন, ইংরেজি ভাষার সাহিত্যেই এই ভাষার প্রকৃত সৌন্দর্য লুকিয়ে রয়েছে। ষোলো থেকে বিশ শতক পর্যন্ত অনেক ইংরেজ সাহিত্যিক অসাধারণ সাহিত্য নির্মাণ করেছেন। সাহিত্যামোদিরা নিরন্তর সেই সাহিত্য থেকে সৌন্দর্য আহরণ করে চলেছেন। ড. সেন নিউটনের জ্ঞানপিপাসার বর্ণনা দিয়ে বলেন, যারা ইংরেজি বিভাগে ভর্তি হয়েছো এবং যারা বিদায় নিচ্ছো, সকলের মনে রাখতে হবে, জ্ঞান-সমুদ্র অন্তহীন। মানুষ সারাজীবন ধরে সামান্য জ্ঞানই আসলে অর্জন করতে পারে। বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, বাংলা আমাদের মাতৃভাষা। তবু আমি স্বীকার করি, পথ চলতে গিয়ে ও কর্মক্ষেত্রে ইংরেজি ভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা রয়েছে। সুতরাং ইংরেজি ভাষা শিখতে হবে। কিন্তু খেয়াল রাখতে হবে, ইংরেজি ভাষা শিখতে গিয়ে আমরা যেন বাংলা ভাষা ভুলে না যাই। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বাংলাদেশ অনেকদূর এগিয়েছে। আরও এগিয়ে যাবে। এই অগ্রযাত্রায় আজ যারা ইংরেজি বিভাগ থেকে বিদায় নিয়ে যাচ্ছো, তাদেরকেও সামিল হতে হবে, উল্লেখযোগ্য ভূমিকা রাখার জন্য প্রচুর কাজ করতে হবে। সঙ্গে এটাও মনে রাখতে হবে, কাজ করতে গিয়ে 'আমি'-র চেয়ে যেন 'আমরা' প্রাধান্য পায়। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম মানবতাবাদী রাজনৈতিক নেতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী কর্তৃক প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এই ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগ প্রতিষ্ঠার ইতিহাস বর্ণনা করে বলেন, চট্টগ্রামের বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে একমাত্র প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগ সবচেয়ে বৃহৎ। এই বিভাগে যারা পড়ছে ও ভর্তি হচ্ছে সকলেই ভাগ্যবান। সভাপতির বক্তব্যে ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ইংরেজি ভাষাকে গ্লোবাল ল্যাঙ্গুয়েজ হিসেবে উল্লেখ করেন। ৩৩তম ব্যাচের শিক্ষার্থী নওশিন তাসনিমা, ইনজামাম খান, তাসকিয়া হক, ঋষি রায়, প্রণব কুমার দে ও সুমাইতা বিনতে মহসিনের সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথিদের বক্তব্যের এক পর্যায়ে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ইলেক্ট্রিক্যাল মেশিন এন্ড ইটস এপ্লিকেশন' শীর্ষক পোস্টার প্রদর্শনী অনুষ্ঠিত

৫ পৃষ্ঠার পর

খাইয়ে নিতে পারে তাই এ ধরনের আয়োজন বিভাগ থেকে করা হয়েছে। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আজকের এই আয়োজন সফল হয়েছে বলে তিনি মনে করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন, এ ধরনের সহ পাঠক্রমিক কার্যক্রম, যা শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনকে প্রসারিত করবে বা এগিয়ে নিয়ে যাবে, তার আয়োজন তড়িৎ প্রকৌশল বিভাগ আগেও যেমন করেছে ভবিষ্যতেও করবে। বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় প্রদর্শনীতে উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নুর, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক একরামুল হক, সহকারী অধ্যাপক মোহাম্মদ হেলাল উদ্দিন, প্রভাষক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক মোহাম্মদ আজিম খান, প্রভাষক সানজিদা আক্তার তুনাজ, প্রভাষক সৌমেন দত্ত ও প্রভাষক এম এ হাফিজ।

*দৈনিক আজাদী, ২৭.০১.২০২২, পৃ. ৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে এস ই আই আর গাণিতিক মডেলের উপর সেমিনার অনুষ্ঠিত



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে সম্প্রতি 'এস ই আই আর মডেল অব কোভিড-১৯ প্যানডেমিক' শিরোনামে সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজন। এই সেমিনারে কোভিড-১৯ এর উৎপত্তি, বিস্তার, নামকরণ, উপসর্গ, ধরন, ইতিহাস, ভাইরাসের গঠন, সহায়ক চিকিৎসা, অর্থনৈতিক প্রতিক্রিয়া ইত্যাদি নিয়ে আলোচনা করেন ড. হারাধন কুমার মহাজন। তিনি অন্তরক-সমীকরণ, প্রবাহচিত্র, জ্যাকোবি ম্যাট্রিক্স এবং লিয়াপুনাভ ফাংশন প্রয়োগ করে কোভিড-১৯-এর সাম্যাবস্থা ও মৌলিক জনন সংখ্যা নির্ণয়পদ্ধতি নিয়েও আলোচনা করেন। সহকারী অধ্যাপক শাহরীনা আকতারের সভাপতিত্বে সেমিনারে বিভাগের শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। প্রশ্নোত্তর পর্বে উপস্থিত শিক্ষক-শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন ড. হারাধন কুমার মহাজন।

*দৈনিক আজাদী, ১৭.০৩.২০২২, পৃ. ৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদ্‌যাপন

২৭ পৃষ্ঠার পর

পাশাপাশি গবেষণা এবং অন্যান্য অতিরিক্ত ও সহ-পাঠক্রমিক কার্যক্রম যথেষ্ট গুরুত্ব সহকারে এবং মানসম্মতভাবে পরিচালিত করে আসছে। তিনি এজন্য বিভাগকে ধন্যবাদ জানান। সমসাময়িককালে চাকুরির বাজারে গণিত এবং বিজ্ঞানে ডিগ্রীধারীদের চাহিদা ক্রমাগত বাড়ছে বলে তিনি উল্লেখ করেন। নতুন শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন তোমরা গণিতে ভর্তি হয়ে যুগোপযোগী সিদ্ধান্ত নিয়েছ। বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ড. গনেশ চন্দ্র রায় বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে সম্পদের সীমাবদ্ধতা দূরীকরণে অপ্টিমাইজেশন প্রসার লাভ করে। তিনি বিশুদ্ধ গণিত অধ্যয়নের প্রতি ছাত্রছাত্রীদেরকে আরো আগ্রহী হওয়ার জন্য অনুপ্রেরণামূলক বক্তব্য রাখেন। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত



১১ ডিসেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও শৃঙ্খলা কমিটির সভাপতি জনাব বোরহানুল হাসান চৌধুরী। সভায় শৃঙ্খলা কমিটির সদস্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং সদস্য সচিব প্রক্টর আহমদ রাজীব চৌধুরী উপস্থিত ছিলেন। সভায় ইতিপূর্বে অনুষ্ঠিত শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শৃঙ্খলা বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের অভিযোগ কমিটির ইতিপূর্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

৭ ডিসেম্বর ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ও আইকিউএসির সহযোগিতায় 'চেজ: বিগেনিং এন্ড ইনট্রোডাকশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগের শিক্ষার্থীদের জন্য আয়োজিত এই প্রশিক্ষণ কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ইন্টারন্যাশনাল রেটিং প্রাপ্ত প্রাক্তন জাতীয় দাবা খেলোয়াড় ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: রফিকুল ইসলাম। তিনি শিক্ষার্থীদের মস্তিষ্ক চর্চায় দাবা খেলার গুরুত্ব সম্পর্কে ধারণা দেওয়ার পাশাপাশি এই খেলার বিভিন্ন স্ট্রাটেজি নিয়ে আলোচনা করেন। জনাব রফিকুল ইসলাম দাবা খেলায় গণিতের জ্ঞানের ব্যবহার নিয়েও শিক্ষার্থীদের ধারণা দেন। বিভাগের সহকারী অধ্যাপক শাহরীনা আকতারের সভাপতিত্বে ও প্রভাষক রাজিব কর্মকারের সঞ্চালনায় এই প্রশিক্ষণ কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক মোহাম্মদ ইফতেখার মনির।



## সরকারের টিকাদান কার্যক্রম ত্বরান্বিত হয়েছে

*৬ পৃষ্ঠার পর*

উর্ধ্বগতি মোকাবিলায় সরকারের জনস্বাস্থ্য সেবা ব্যবস্থাগুলো প্রস্তুত করা হয়েছে। সরকারের টিকাদান কার্যক্রমও ত্বরান্বিত হয়েছে। টিকা হাসপাতালে ভর্তি ও মৃত্যু কমাবে। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, করোনা সংক্রমণকে নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। করোনার টিকা আবিষ্কার ও টিকা প্রদান শুরু হওয়ার পর বাংলাদেশে তাঁর যুগান্তকারী পদক্ষেপ হচ্ছে টিকাদান কর্মসূচি। প্রিমিয়ার ইউনিভার্সিটিতেও এই কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির মতবিনিময় সভা

*৩ পৃষ্ঠার পর*

ফারজানা ইয়াসমিন চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও ব্যবসা-প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সাদিয়া আখতার। সভায় প্রিমিয়ার ইউনিভার্সিটি ও ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির মধ্যে শিক্ষা ও গবেষণা সহযোগিতার বিষয়ে আলোচনা করা হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা কিছু সেমিস্টার এখানে সমাপ্ত করে বাকি সেমিস্টারগুলো ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনিতে এবং ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা কিছু সেমিস্টার সেখানে সমাপ্ত করে বাকি সেমিস্টারগুলো প্রিমিয়ার ইউনিভার্সিটিতে যাতে সমাপ্ত করতে পারে এই ধরনের এক্সচেঞ্জ প্রোগ্রাম চালু করার বিষয়ে বিশদ আলোচনা হয়। পরবর্তীতে এই সংক্রান্ত একটি এমওইউ বা সমঝোতা স্মারক চুক্তি সম্পন্ন করার ব্যাপারেও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতিনিধি দল এসময়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার মান, কারিকুলাম ও ফ্যাসিলিটিজ সম্পর্কে বিস্তারিত অবগত হয়ে গভীর সন্তোষ প্রকাশ করেন। এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন গবেষণা ক্ষেত্রে প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন অর্জনের কথা ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনির প্রতিনিধি দলকে অবহিত করে তাঁরা প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আসায় তাঁদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'বিজয় উৎসব' শীর্ষক মুক্তিযুদ্ধের চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী




প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে বিজয় দিবস উপলক্ষে পাঁচদিনের 'বিজয় উৎসব' শীর্ষক বিজয় কনসার্ট ও মুক্তিযুদ্ধের চলচ্চিত্র প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। ২১ ডিসেম্বর ২০২২, বুধবার, বিকেল ৩টায় প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ উপলক্ষে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সম্মানিত অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব, প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব নাসির উদ্দীন ইউসুফ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান ও 'বিউটি সার্কাস' চলচ্চিত্রের পরিচালক জনাব মাহমুদ দিদার। এছাড়া উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক এবং সম্মানিত শিক্ষকবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, আমরা চাই, বাংলাদেশ একটি সংস্কৃতিঋদ্ধ দেশ হোক। একটি দেশের পরিচয় তার লেখাপড়ার মধ্যেই সীমাবদ্ধ থাকে না। একটি দেশের পরিচয় তার নাটক, তার সাহিত্য, তার সংগীত ও তার বিজ্ঞান–এসব *১৮ পৃষ্ঠার ১ম কলাম*

## তড়িৎ প্রকৌশলের মাধ্যমে পৃথিবী ক্রমশ এগিয়ে চলেছে

*৮ পৃষ্ঠার পর*

প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, ২০০৮ সালের জানুয়ারি মাসে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সূচনা ঘটে। বিরাট অংকের অর্থ ব্যয় করে অনেক যন্ত্রপাতি সংগ্রহ করে এই বিভাগের উদ্বোধন করা হয়। তড়িৎ প্রকৌশল বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, যার মাধ্যমে পৃথিবী ক্রমশ এগিয়ে চলেছে। তিনি আরও বলেন, দ্বিতীয় শিল্পবিপ্লবের শুরু হয় বিদ্যুৎশক্তির আবিষ্কারের মাধ্যমে। বিদ্যুৎশক্তি বর্তমান বিশ্বের অভাবনীয় নাগরিকীকরণ ও উন্নয়নের প্রধান মাধ্যম। অষ্টাদশ শতকের বিশ্বে সক্রেটিস এলে, একটি গল্পে আছে, সেই বিশ্ব তাঁকে অবাক করতো না। কিন্তু বর্তমান বিশ্বের অভাবনীয় উন্নয়ন ও শিল্প-ঐশ্বর্যে তিনি অবাক হতেন। ড. অনুপম সেন 'বিদ্যুৎ ছাড়া পৃথিবীর অগ্রযাত্রা অসম্ভব' উল্লেখ করে বলেন, বিশ শতকের সত্তর দশকের শুরুতে আরব-ইসরায়েল যুদ্ধের কারণে আরব দেশগুলো জ্বালানী তেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি করেছিল। ফলে উন্নত দেশগুলোসহ অনেক দেশে বিদ্যুৎঘাটতি দেখা দেয় এবং বিশ্বজুড়ে একই সঙ্গে মন্দা ও মূল্যস্ফীতি ঘটে। তখন বাংলাদেশে ক্ষমতায় ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি অত্যন্ত দূরদর্শিতার সঙ্গে বাংলাদেশে এই সংকটের মোকাবিলা করেন; এমনকি শিল্পেও অভাবনীয় উন্নয়ন ঘটান। তাঁর মৃত্যুর ক'বছর পরেও বাংলাদেশের শিল্পে এমন উন্নয়ন ঘটানো সম্ভব হয় নি। তিনি ফিউশান এনার্জি নিয়েও গুরুত্বপূর্ণ তথ্য দেন। তিনি 'বর্তমান বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ব' উল্লেখ করে বলেন, বাংলাদেশ অনেকদূর এগিয়েছে। বিশ্ব আজ বাংলাদেশকে সম্মান দেয়, মর্যাদা দেয়। বিজ্ঞান ও প্রযুক্তিকে ধারণ করে বাংলাদেশ ক্রমশ এগিয়ে যাবে। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ৪র্থ শিল্পবিপ্লবের সুযোগকে ব্যবহার করতে হলে শিক্ষাজীবনে প্রকৌশলের জ্ঞান অর্জনের পাশাপাশি সমস্যা সমাধানের দক্ষতা, বিশ্লেষণাত্মক চিন্তাশক্তি, সফট স্কিল বৃদ্ধির দিকে শিক্ষার্থীদের জোর দিতে হবে। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সবধরনের উন্নয়নের মূলে মানবিকতা। মানুষ যদি প্রকৃত মানুষ না হয়, সোনার মানুষ না হয়, মানবিক না হয়, বাংলাদেশকে সোনার বাংলা হিসেবে গড়ে তোলা খুবই কঠিন হবে। বিশেষ অতিথির বক্তব্যে প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বিদায়ী শিক্ষার্থীদের বলেন, জীবনযুদ্ধ ও প্রফেশনাল লাইফে প্রবেশের জন্য তোমরা বিদায় নিচ্ছো। সুতরাং তোমাদের এই বিদায় আসলে একটি সংবর্ধনা। তোমরা ভবিষ্যতে কর্মজগতে সফল হও, তোমাদের অর্জিত শিক্ষা কাজে লাগাও, এই কামনা করি। প্রক্টর আহমদ রাজীব চৌধুরী নবীন শিক্ষার্থীদের কোড অব কন্ডাক্ট বিষয়ে জানান দেন এবং শৃঙ্খলার সঙ্গে অধ্যয়নের পরামর্শ দেন। সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক বলেন, শিক্ষার্থীদের অনেক স্বপ্ন থাকে। সেসব স্বপ্ন বাস্তবায়নের জন্য সৃজনশীল হতে হবে, সঠিকভাবে অধ্যয়ন ও পরিশ্রম করতে হবে। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কোয়ালিটি অ্যাসিওরেন্স কমিটির সভা

২৫ পৃষ্ঠার পর

সাঈদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. মিহির কুমার রায়, আইকিউএসির অ্যাডিশনাল ডিরেক্টর প্রফেসর এম মঈনুল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং সদস্য-সচিব হিসেবে আইকিউএসির অ্যাডিশনাল ডিরেক্টর সহযোগী অধ্যাপক মোহাম্মদ ইফতেখার মনির উপস্থিত ছিলেন। এছাড়া আরও উপস্থিত ছিলেন আর্কিটেকচার বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান এম. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ এবং স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয়েছে মাসিক সাহিত্য সেমিনার। ৩০ মার্চ ২০২২, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের নেতৃত্বে এবং ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সাহিত্য সেমিনারে বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান তাঁর গবেষণাপত্র 'ভারবাল অটোনমি এন্ড সোশ্যাল সাব্যুগেশন: লিঙ্গুইস্টিকস পাওয়ার পলিটিক্স এন্ড রেটরিক ইন জেন অস্টেন'স প্রাইড এন্ড প্রেজুডিস' এবং প্রভাষক জয়নব তাবাসসুম বানু তাঁর গবেষণাপত্র 'ইন্টারনালাইজড রেসিজম ইন টনি মরিসন'স দ্যা ব্লুয়েস্ট আই' উপস্থাপন করেন। প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় সেমিনারে প্রধান আলোচক ছিলেন কলা ও সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। আলোচক ছিলেন সহকারী অধ্যাপক শান্তনু দাশ ও সহকারী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী। প্রফেসর ড. মোহীত উল আলম উপস্থাপিত গবেষণাপত্রগুলো সম্পর্কে তাঁর মূল্যবান মতামত প্রদান করেন। সমকালীন সাহিত্যসমালোচনার অতি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে লিখিত গবেষণাপত্রগুলো নিয়ে আলোচনা করার সময় প্রফেসর ড. মোহীত উল আলম উপস্থিত শিক্ষার্থী ও শিক্ষকদের গবেষণা চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দেন। সভাপতি সৈয়দ জসীম উদ্দীনের সমাপনী বক্তব্যের মাধ্যমে সেমিনারের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়। সেমিনারে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও জ্ঞানপিপাসু শিক্ষার্থীরা। আরও উপস্থিত ছিলেন চিটাগাং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের শিক্ষক-শিক্ষিকারা।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'আমেরিকান সেন্টার পপ-আপ' অনুষ্ঠিত

১৬ পৃষ্ঠার পর

বিষয়েও বর্ণনা করেন। এসময় তিনি আমেরিকান সেন্টারের সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির আগের এক্সচেঞ্জ প্রোগ্রামের কথা স্মরণ করেন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আমেরিকান সেন্টারের আওতায় এডুকেশন ইউএসএ-র নানাবিধ প্রোগ্রামগুলো উচ্চশিক্ষায় আগ্রহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য খুবই প্রয়োজনীয়। তিনি আমেরিকায় উচ্চশিক্ষা গ্রহণ করলে বাংলাদেশি শিক্ষার্থীরা লাভবান হবে বলে উল্লেখ করেন। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, আজকের প্রোগ্রাম খুবই গুরুত্বপূর্ণ। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এমন একটি প্রোগ্রামের আয়োজনের জন্য আমেরিকান অ্যাম্বেসিকে ধন্যবাদ। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম 'ওয়ার্ল্ড র‍্যাংকিং-এ শীর্ষ অবস্থানের মধ্যে আমেরিকান বিশ্ববিদ্যালয়গুলো অন্যতম' উল্লেখ করে বলেন, এই প্রোগ্রামের মাধ্যমে যুক্তরাষ্ট্রের প্রসিদ্ধ ইউনিভার্সিটিগুলোতে অধ্যয়ন করার জন্য শিক্ষক ও শিক্ষার্থীরা উৎসাহিত হবেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। উল্লেখ্য, শেষে ইংরেজি ভাষাগত দক্ষতা যাচাইকরণ পরীক্ষা স্যাট, টোফেল ও জিআরই বিষয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আলাদা আলাদা সেশন পরিচালনা করে আমেরিকান সেন্টার।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কোয়ালিটি অ্যাসিওরেন্স কমিটির সভা



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে কোয়ালিটি অ্যাসিওরেন্স কমিটির এক সভা অনুষ্ঠিত হয়েছে। ০৫ ডিসেম্বর ২০২২, অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য ও কোয়ালিটি অ্যাসিওরেন্স কমিটির সভাপতি প্রফেসর ড. অনুপম সেন। সভায় আউটকাম বেইসড কারিকুলাম বাস্তবায়ন, এই কারিকুলাম অনুসারে প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, পরীক্ষার ফলাফল উপস্থাপন ও কোর্স লার্নিং আউটকামস অর্জন প্রসঙ্গ নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এই সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। প্রত্যেক বিভাগের প্রোগ্রাম সেল্ফ অ্যাসেসমেন্ট কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরবর্তী শিক্ষাবর্ষের একাডেমিক ক্যালেন্ডার নিয়ে বিস্তারিত আলোচনার পরে তা অনুমোদন করা হয়। সভায় কোয়ালিটি অ্যাসিওরেন্স কমিটি (কিউএসি)-র সদস্য হিসেবে প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর এ. কে. এম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. তৌফিক *২৪ পৃষ্ঠার ১ম কলাম*

## বাঙালির ঋদ্ধ গ্রামীণ সংস্কৃতি হাজার বছরের

*১৯ পৃষ্ঠার পর*

উৎসবও। আজকে অর্থনীতি বিভাগের যে-পিঠা উৎসব হচ্ছে, তা সেই সংস্কৃতির কথা স্মরণ করিয়ে দেয়। ড. সেন উল্লেখ করেন, আমাদের ঋদ্ধ গ্রামীণ সংস্কৃতি কয়েক হাজার বছরের। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে ১ম, ২য় ও ৩য় শিল্পবিপ্লব এবং পুঁজিবাদী বিপ্লবের বিবরণ দেন। জীবনকে উপলব্ধি ও আনন্দদায়ক করার জন্য দারিদ্র দূরীকরণের প্রয়োজনীয়তাও তিনি তুলে ধরেন। মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বাঙালি সংস্কৃতির গুরুত্বপূর্ণ অংশ পিঠা উৎসবের আয়োজন করার জন্য অর্থনীতি বিভাগ ও এই বিভাগের শিক্ষার্থীদের ধন্যবাদ জানান।

পিঠা উৎসবে অনেক রকমের পিঠা ও খাবারের প্রদর্শনী ছিল। যেমন, মিষ্টি বরা, ভাঁপা পিঠা, সাঁজের পিঠা, তালের পিঠা, পুলি পিঠা, নিমকি, কালো জাম, জিলাপি, খেজুরের রস, নারিকেল পিঠা, বিনি চালের পিঠা, সুজির ছই পাকন পিঠা, চুষি পিঠা, পানতোয়া পিঠা, পাটিসাপ্টা, নকশি পিঠা, শীত পিঠা, রসের চাঁ, আদিবাসীদের পিঠা (ছিলাং মুং, কদ মুং, কেংদ মুং, ছেশমামুর, গুং মুং, চিতল ভর্তা), শিমের ফুল, দুধ চুটকি, পাকন পিঠা, রসভরি পিঠা, জালি পিঠা, দুধ পুলি, চমচম পিঠা প্রভৃতি। অর্থনীতি বিভাগের বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থীরা পিঠা ও খাবারসমূহ পটিয়ার মিষ্টি হাইলে আইয়্যু, পিঠা হাইলে আইয়্যুন, নকশা, পানসা, বাহারি পিঠা, বাহারি বানু, মিডে, হাট্টা মিডে চলিবু না?, হাইলে মজা না হাইলে সাজা প্রভৃতি স্টলের মাধ্যমে প্রদর্শন করে। উৎসবে পালংকি নামে একটি পানের দোকানের স্টলও ছিল। উৎসবে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, প্রভাষক ফারিয়া হোসেন বর্ষা, সুদিপ দে এবং উম্মে সালমা প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান দূতাবাস ও বেঙ্গল ফাউন্ডেশনের উদ্যোগে 'ভয়েসেস অব বাংলাদেশ' শীর্ষক ভ্রাম্যমান প্রদর্শনী

*১৯ পৃষ্ঠার পর*

ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রফেসর ড. অনুপম সেন এই প্রদর্শনীর প্রশংসা করে বলেন, প্রদর্শনীর মৌখিক ইতিহাস সংগ্রহ কার্যক্রম বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস সংগ্রহের জন্য একটি চমৎকার উদ্যোগ। এই কার্যক্রমের মাধ্যমে যেসব তথ্য সংগৃহীত হবে, সেসব তথ্য বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস নির্মাণে সহায়ক ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। তিনি ১৯৪৭ থেকে ১৯৭১ পর্যন্ত প্রায় তেইশ বছর বাঙালির সার্বিক মুক্তির জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আন্দোলন-সংগ্রামের বর্ণনা দেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও 'ভয়েসেস অব বাংলাদেশ'-এর সমন্বয়ক আইরিন খান।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে 'ভিএলএসআই এন্ড ইটস ফিউচার' শীর্ষক ওয়েবিনার




সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে ও উল্কাসেমি ইন্টারন্যাশনালের সহযোগিতায় 'ভিএলএসআই এন্ড ইটস ফিউচার' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উল্কাসেমির ইঞ্জিনিয়ারিং অ্যান্ড এইচআর-এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আনোয়ারুল হাসান। আলোচক ছিলেন উল্কাসেমির সিলিকন ইঞ্জিনিয়ারিং-এর ভাইস প্রেসিডেন্ট ড. তৌহিদুর রহমান ও বিজনেস ডেভেলপমেন্টের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার মো. মোজাম্মেল হোসেন। মূল প্রবন্ধ উপস্থাপন করতে গিয়ে আনোয়ারুল হাসান বলেন, ভিএলএসআই ডিজাইন ও আইসি ডিজাইন বর্তমান বিশ্বে একটি সময়োপযোগী এবং গুরুত্বপূর্ণ সেক্টর। বাংলাদেশে এ বিষয় নিয়ে কাজ করার অনেক সুযোগ আছে। তিনি উল্লেখ করেন, উল্কাসেমি ২০০৭ সাল থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে যাত্রা শুরু করলেও বিগত পাঁচ-ছয় বছর ধরে বাংলাদেশে তারা গবেষণা ও চিপ ডিজাইন চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, তাদের হাত ধরে স্যামসাং, অ্যাপলসহ বিশ্বের নামিদামি কোম্পানির চিপ ও আইসি ডিজাইন করা হয়েছে। তাদের কাছে প্রচুর আইসি, প্রসেসর, চিপ ডিজাইনের রয়েছে ক্রমবর্ধমান চাহিদা। বাংলাদেশে যারা চিপ ডিজাইন কিংবা ভিএলএসআই নিয়ে কাজ করতে চায় তাদের জন্য উল্কাসেমিতে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। যেহেতু বর্তমান বিশ্ব ও আগামীর বিশ্ব পুরোটাই আইটি, অটমেশন, বিগ ডাটা, মেশিন লার্নিং-এর উপর দিয়ে যাবে তাই চিপ ডিজাইনিং-এর ক্ষেত্রে কোনো ধরনের ঘাটতি থাকবে না। আলোচক ড. তৌহিদুর রহমান বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন ছাত্র তাদের উল্কাসেমিতে কাজ করা *২৬ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে 'ভিএলএসআই এন্ড ইটস ফিউচার' শীর্ষক ওয়েবিনার

*২৫ পৃষ্ঠার পর*

শুরু করেছে এবং তার কাজে তারা সন্তুষ্ট। ভবিষ্যতে প্রিমিয়ার ইউনিভার্সিটির সঙ্গে তারা ইন্ডাস্ট্রি-ইউনিভার্সিটি কোলাবোরেশনের মাধ্যমে কাজ করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানের সভাপতি টুটন চন্দ্র মল্লিক বলেন, উল্কাসেমির মত প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করতে পারলে আমাদের বিভাগের শিক্ষার্থীরা অনেকদূর এগিয়ে যাবে। তিনি আরো বলেন, ইউনিভার্সিটি-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন যদি করা যায় সেক্ষেত্রে আমাদের বিশ্ববিদ্যালয়ের গবেষণাক্ষেত্র সুদূর প্রসারিত হবে এবং ভবিষ্যৎ বাংলাদেশ চিপ ডিজাইনিং-এ অনেক বেশি এগিয়ে যাবে। ওয়েবিনারে অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না, গণিত বিভাগের সহকারী অধ্যাপিকা তানিয়া নুর, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক একরামুল হক, সহকারী অধ্যাপক মোহাম্মদ হেলাল উদ্দিন, প্রভাষক সামিনা আলম, প্রভাষক কল্লোল দে, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক সরিৎ ধর, প্রভাষক সৌমেন দত্ত, প্রভাষক এম এ হাফিজসহ বিভাগের ১৫০জন ছাত্র-ছাত্রী। *দৈনিক আজাদী, ২৩.০৩.২০২২, পৃ. ৩*

## সমাজ সম্পর্কে জানার প্রচেষ্টা বহু প্রাচীন

১৭ পৃষ্ঠার পর

শিল্পবিপ্লব আসন্ন উল্লেখ করে বলেন, একসময় আমাদের দেশের গ্রামগুলো ছিল অন্ধকারে। হারিকেন জ্বলতো। সন্ধ্যায় খেয়ে-দেয়ে মানুষ ঘুমিয়ে পড়তো। আজকে এসব গ্রামাঞ্চলেও শহরের মতো বিদ্যুৎ পৌঁছে গেছে; পৌঁছে গেছে মোবাইল ফোন ও ইন্টারনেট। শহরে ও গ্রামে এখন ১৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করে। বিদ্যুৎ, মোবাইল ও ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে বিশ্ব আজ তাদের হাতের মুঠোয় এসে গেছে। এসব নবলব্ধ জ্ঞানের মাধ্যমে সমাজের আজ যেসব জীবন-উন্নয়ন বিষয়ক প্রাপ্তি তা টিকিয়ে রাখাই সাসটেইনেবল ডেভেলপমেন্ট। ড. সেন পৃথিবীর প্রথম সভ্যতা, বর্তমান সভ্যতা, রোমান সাম্রাজ্য, চেঙ্গিস খানের রাজত্ব, পুঁজিবাদী প্রথা, দাসপ্রথা, ও সমাজতন্ত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে বলেন, সমাজের অর্ধেক হলো নারী। একটা সমাজে অর্ধেক লোককে বসিয়ে রাখা হলে সেই সমাজ এগুতে পারে না। সেজন্য নারীদের কর্মক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। এটাও সাসটেইনেবল ডেভেলপমেন্টের উদাহরণ। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, তোমরা স্বাধীনভাবে লেখাপড়া করবে। তা করতে গিয়ে এমন কিছু করবে না, যাতে পরবর্তীতে তোমাদের অনুশোচনা করতে হয়। দেশ ও বিশ্বকে এগিয়ে নেওয়ার মানসিকতা নিয়ে তোমরা ভালোভাবে অধ্যয়ন করবে, এমনটাই প্রত্যাশা করি। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সমাজবিজ্ঞান পুরো সমাজকে বিশ্লেষণ করে। শিক্ষার্থীরা সমাজবিজ্ঞান ভালোভাবে পড়লে তারা অবশ্যই তাদের ভবিষ্যত উজ্জ্বল করার জন্য ভালো সুযোগ পাবে। রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও একাডেমিক বিভাগগুলোর পরিচিতি, শিক্ষার্থীদের করণীয়, কোড অব কন্ডাক্ট, একাডেমিক গাইডলাইন প্রভৃতি তুলে ধরেন। তিনি শিক্ষার্থীদের লাইব্রেরি ওয়ার্ক করার তাগিদ দেন এবং জানান, প্রিমিয়ার ইউনিভার্সিটির লাইব্রেরি খুবই সমৃদ্ধ। স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানুষকে মানুষের মর্যাদা দেওয়ার জন্য তাকে মানুষ হিসেবে মূল্যায়ন করতে হবে। তার অর্থনৈতিক প্রতিবিধান করতে হবে। তার প্রতিকূল অবস্থার উন্নয়ন ঘটাতে হবে। স্বাগত বক্তব্য রাখেন স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক ড. সাদিকা সুলতানা চৌধুরী। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## অ্যাক্রেডিটেশন বাংলাদেশের জন্য একটি যুগান্তকারী প্রসেস : শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী

*২১ পৃষ্ঠার পর*

যে-শিখনফল তা অর্জিত হয়েছে কিনা দেখাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে গিয়েছে। কারণ আমাদের বিশাল একটা জনগোষ্ঠী এখন উচ্চশিক্ষাখাতে আসছে। সামাজিক এবং সংস্কৃতিগত কারণে উচ্চশিক্ষায় যাওয়া আমাদের এই অঞ্চলের সামাজিক বৈশিষ্ট্য। কিন্তু শিক্ষার্থীরা উচ্চশিক্ষা গ্রহণের পর কাম্য যোগ্যতা অর্জন করেছে কিনা, তাদের মধ্যে কর্মজগতে প্রবেশের দক্ষতাগুলো সৃষ্টি হয়েছে কিনা, তা একাডেমিকও হতে পারে, নন একাডেমিকও হতে পারে, দেখাটা দরকার। সুতরাং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলো যথাযথভাবে আন্তর্জাতিক বা বৈশ্বিক মানদণ্ড যদি বজায় না রাখে তা শিক্ষার্থীদের সঙ্গে প্রতারণামূলকই হবে। শিক্ষার্থীদের আমরা বলছি, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে আস, উচ্চশিক্ষা গ্রহণ কর, কিন্তু মান নিশ্চিত করার ক্ষেত্রে তাদেরকে আমরা সেই কাঙ্ক্ষিত শিক্ষা, দক্ষতা দিতে পারছি না। তারা কর্মজগতে প্রবেশ করে দেখতে পাচ্ছে সেই কাঙ্ক্ষিত শিক্ষা, দক্ষতার অভাবে তারা অনুপযুক্ত। এ কারণে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর গুণগত মান নিশ্চিত করার জন্য বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সৃষ্টি হয়েছে। শিক্ষা উপমন্ত্রী তার বক্তব্যে আরও বলেন, যেহেতু মানহীন শিক্ষাদান শিক্ষার্থীদের সাথে প্রতারণার সামিল, সুতরাং সংখ্যার চেয়ে মানের দিকে বেশি গুরুত্ব দিতে হবে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলকে বাংলাদেশের একটি যুগান্তকারী অর্জন হিসেবে উল্লেখ করে তিনি বলেন, অ্যাক্রেডিটেশন বাধ্যতামূলক হয়ে যাবে। অ্যাক্রেডিটেশন ছাড়া শিক্ষার্থীরা চাকরি পাবে না। তিনি চাকুরিদাতাদের চাহিদা অনুসারে যুগোপযোগী কারিক্যুলাম প্রণয়নে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করার জন্য বিএসিকে পদক্ষেপ নিতে বলেন। এছাড়াও শুধু উচ্চতর ডিগ্রিসমূহই নয়, ডিপ্লোমা ডিগ্রিকেও অ্যাক্রেডিটেশনের আওতায় আনার জন্য তিনি বিএসিকে আহবান জানান। প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বিশেষ অতিথির বক্তব্যে বলেন, একটি দেশ ও একটি জাতি এগিয়ে যায় শিক্ষার ভিত্তিতে। বর্তমান বিশ্বের অগ্রগতির ভিত্তি হলো শিক্ষা। এই শিক্ষার দুটো দিক রয়েছে; একটি হলো প্রাইমারি, যা শৈশব থেকে সেকেন্ডারি পর্যন্ত; অপরটি হলো উচ্চশিক্ষা। আমি মনে করি, উচ্চশিক্ষার ক্ষেত্রে জোর দিতে হলে ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট-এর ১৯৯৬ সালের একটি রিপোর্ট স্মরণযোগ্য। এই রিপোর্টে লেখা হয়েছে, শিক্ষাকে এগিয়ে নিতে হলে প্রাইমারি ও সেকেন্ডারি লেভেলে জোর দিতে হবে। অর্থাৎ লিটারেসি (ভাষা) ও নিউমারেসি (গণিত)-এর উপর গুরুত্ব দিতে হবে। নিউমারেসির উপর জোর দিলে যে-অগ্রগতি হয়, তার উপর ভিত্তি করে একটি দেশের প্রযুক্তি ও বিজ্ঞান এগিয়ে যায়। বিশ্ববিদ্যালয়গুলোর উচ্চশিক্ষার গুণগত মান উন্নত করার ক্ষেত্রে এবং বিশ্ববিদ্যালয়গুলোকে অ্যাক্রিডেট করার ক্ষেত্রে এই বিষয়টি খুবই জরুরি। তিনি উচ্চশিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের মূল্যায়নের উপর বিশেষ গুরুত্ব দেন। ড. অনুপম সেন আধুনিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ইতিহাস ও ভারতবর্ষের বিশ্ববিদ্যালয়গুলোর কথা তুলে ধরে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয় কীভাবে অ্যাক্রিডেট করা হয় তা বর্ণনা করেন। সভাপতির বক্তব্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ জানান, সকলকে উচ্চ শিক্ষার মানোন্নয়ন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হতে হবে, বিএসি চট্টগ্রামে এই বার্তাই নিয়ে এসেছে। বিভিন্ন সূচকে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হলেও শিক্ষাক্ষেত্রে আশানুরূপ উন্নতি হচ্ছেনা উল্লেখ করে তিনি কর্মশালায় অংশ নেওয়া সকলকে স্ব-স্ব প্রতিষ্ঠানে উচ্চশিক্ষার মানোন্নয়ন কার্যক্রম শুরু করবার আহবান জানান। কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী এবং প্রফেসর ড. এস এম কবীর কর্মশালায় মূলপ্রবন্ধ উপস্থাপন করেন। কর্মশালা শেষে কাউন্সিল সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম আগত অতিথি ও অংশগ্রহণকারীসহ কর্মশালা আয়োজনের সাথে সম্পৃক্ত বিএসি ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সকলকে ধন্যবাদ জানান। কর্মশালায় চট্টগ্রাম অঞ্চলের ১৭টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, ডিন, আইকিউএসি'র পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণ, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ ও বিভাগীয় প্রধানগণ অংশগ্রহণ করেন। এছাড়াও চট্টগ্রাম অঞ্চলের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালকসহ ১২টি সরকারি-বেসরকারি কলেজ ও মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালাটির আয়োজনে সহযোগিতা প্রদান করেছে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল।

## একসময় সমাজ পরিচালিত হতো প্রথার মাধ্যমে

*১৭ পৃষ্ঠার পর*

ল'। পাশ্চাত্যে দাসপ্রথা, ক্রীতদাসপ্রথা, সামন্তপ্রথা ইত্যাদির মাধ্যমে উৎপাদন হতো এবং এসব ঘিরেই আইনের ভিত্তি ছিল। এসব আইনে মানুষের অধিকার ছিল না বললেই চলে। প্রাচ্যে গ্রামসমাজ থাকার কারণে এবং সেই গ্রামসমাজ পঞ্চায়েতের মাধ্যমে পরিচালিত হতো বলে জনগণের অধিকার পাশ্চাত্যের মতো অতো নির্যাতনমূলক ছিল না। বস্তুত গ্রামবাসীর সঙ্গে রাষ্ট্রের দূরত্ব ছিল অনেক। চার্লস মেটকাফ ভারতীয় গ্রামকে বলেছেন ভিলেজ রিপাবলিকস। পাশ্চাত্যে রোমান আইনের মাধ্যমে প্রথম ব্যক্তিগত ভূ-সম্পত্তিকে নিরঙ্কুশ সম্পত্তির অধিকার হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। সেইজন্য রোমান ল' আইনের ছাত্রদের পড়ানো হয়। ড. অনুপম সেন আরও বলেন, আগে আইন ছিল অমানবিক, নির্যাতনমূলক। বর্তমানে আইন ধীরে ধীরে অপরাধের সঙ্গে আনুপাতিক হচ্ছে। এখন আর পাশ্চাত্যে, যেমন, ফ্রান্সে একটি রুটি চুরির জন্য বিশ বছর কারাদণ্ড দেওয়া হয় না, যা একসময় দেওয়া হতো। তিনি উল্লেখ করেন, বিভিন্ন দেশের পারিবারিক আইনও অমানবিক ব্যাপারগুলো সরিয়ে মানবিক ও অধিকারমূলক করা হচ্ছে। বিভিন্ন নৃ-গোষ্ঠীর প্রথাকেও মর্যাদা দেওয়া হচ্ছে, স্বীকৃতি দেওয়া হচ্ছে। আলোচকের বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা 'পারিবারিক আদালত ১৯১০ সালে প্রথম ইংল্যান্ডে প্রতিষ্ঠিত হয়' উল্লেখ করে বলেন, সময়ের সাথে সাথে আমাদের দেশে সামাজিক ও পারিবারিক অবস্থার মধ্যে অনেক পরিবর্তন এসেছে। পরিবারগুলো আর আগের মতো নেই। পরিবারের কাঠামো পরিবর্তন হয়েছে। আমাদের দেশের সমাজ আগে ছিল গ্রামভিত্তিক। এখন শিল্পায়ন ও শহরায়নের ফলে গ্রামীণ সমাজের কাঠামো ভিন্নরূপ পেয়েছে। নেহাত গ্রাম বলে কিছু নেই। গ্রাম আর শহরের মধ্যে যে-পার্থক্য তা কমে গেছে। ফলে আমাদের মূল্যবোধ ও মনস্তত্ত্বিয় পরিবর্তন এসেছে এবং এগুলো আমাদের পারিবারিক ব্যাপারে অনেক প্রভাব ফেলছে। পারিবারিক সমস্যায় নতুন নতুন মাত্রা যুক্ত হচ্ছে। এ কারণেই আমাদের দেশে সৃষ্টি হয়েছে পারিবারিক আইন।

আলোচকের বক্তব্যে চট্টগ্রামের মেট্রোপলিটন সেশনস জজ ড. বেগম জেবুন্নেসা বলেন, পারিবারিক আদালতে বর্তমানে নবীন বিচারকরা দায়িত্ব পালন করছেন। কিন্তু অভিজ্ঞ বিচারকদের পারিবারিক আদালতে নিয়োগ করা দরকার। পারিবারিক আদালতের জুরিসডিকশনাল রিফর্ম-এর মাধ্যমে এর কার্যকারিতা বৃদ্ধি ও বিচারপ্রার্থীদের ভোগান্তি কমানো এখন সময়ের দাবি। বাংলাদেশের পার্বত্য জেলাগুলোতে পারিবারিক আদালত প্রতিষ্ঠা অতীব জরুরি। পার্বত্য জেলার নৃ-গোষ্ঠী ও বাঙালি জনগোষ্ঠী সকলের পারিবারিক বিরোধ নিষ্পত্তির সুযোগ রেখে আইন সংশোধন করা উচিত। হিন্দু জনগোষ্ঠীর পারিবারিক বিরোধ নিষ্পত্তিতে আরো কার্যকরী ভূমিকা রাখার জন্য পারিবারিক আদালত আইনের যুগোপযোগী সংস্কার প্রয়োজন। বাংলাদেশের নিম্ন আদালতে বিচারক সল্পতা কমানোর মাধ্যমে পারিবারিক আদালতে বিচার প্রার্থীদের দ্রুত ন্যায় বিচার প্রদানে উদ্যোগ নেওয়া উচিত। আলোচকের বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক বলেন, ১৯৮৫ সালে পারিবারিক আইন সৃষ্টির পরে হাইকোর্টের এক রায়ে বলা হয়, এটি শুধু মুসলিমদের জন্য। পরবর্তীতে হাইকোর্টের আরেক রায়ে বলা হয়, এই আইনে মুসলিম শব্দটি নেই। সুতরাং এই আইন বাংলাদেশের সব কমিউনিটির জন্য। একটি আইনের প্রয়োগ শুরু হলে নতুন নতুন সমস্যা দেখা দেয়। এই আইনটিও প্রয়োগের পর থেকে কিছু সমস্যা দেখা দিয়েছে। এ কারণে এই আইনটির সংস্কার হওয়া দরকার। আলোচকের বক্তব্যে রাঙামাটির নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) ইসমাঈল হোসাইন আমিম বলেন, পার্বত্য চট্টগ্রামের তিন জেলায় পারিবারিক আদালত নেই। আদিবাসীদের ট্র্যাডিশনাল বিচারব্যবস্থা থাকায় তাদের পারিবারিক আদালত হয়ত দরকার নেই। কিন্তু এই তিন জেলায় এখন অনেক বাঙালি রয়েছে। তাদের জন্য অবশ্যই পারিবারিক আদালত স্থাপন করা দরকার। সেমিনারে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অন্তঃপিইউডিএস বিতর্ক প্রতিযোগিতা সম্পন্ন



'শিকলের দাগ ঢেকে দিয়ে গজিয়ে উঠুক/সিংহের কেশর প্রত্যেকের ঘাড়ে' স্লোগানকে সামনে রেখে আয়োজিত অন্তঃপিইউডিএস বিতর্ক প্রতিযোগিতা-২০২২ সম্পন্ন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি আয়োজিত অন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে 'আবুল হাসনাত মোহাম্মদ কামারুজ্জামান স্কোয়াড' দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে 'তাজউদ্দিন আহমদ স্কোয়াড' এবং চূড়ান্ত পর্বের শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত *১৫ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদ্‌যাপন



১৪ মার্চ ২০২২, প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ ইউনেস্কো কর্তৃক ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালন করে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত দিবসের কর্মসূচিসমূহের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন। শুরুতে এবারের প্রতিপাদ্য বিষয়ের উপর বিভাগের শিক্ষার্থীদের তৈরি চারটি প্রজেক্ট ও প্রজেক্টসমূহের উপর নির্মিত ডকুমেন্টারি প্রর্দশন করা হয়। প্রধান অতিথি এবং অন্যান্য অতিথিবৃন্দ প্রজেক্টসমূহ দেখে ভূয়সী প্রশংসা করেন। আলোচনা পর্বের শুরুতে মুজিববর্ষ এবং স্বাধীনতার সুর্বণজয়ন্তী উপলক্ষে ছোট একটি সাংস্কৃতিক অনুষ্ঠান রাখা হয়। নতুন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করেন প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, গণিত একটি মৌলিক বিষয়। এটি ছাড়া বিজ্ঞানের অগ্রগতি সম্ভব নয়। প্রদর্শিত প্রজেক্টসমূহের উপর আলোচনার সূত্রপাত করে তিনি বলেন, মানবজীবনের প্রায় সকলক্ষেত্রে অপ্‌টিমাইজেশনের ব্যবহার একরকমের স্বভাবজাত হয়ে উঠেছে। ইকো সিস্টেমের প্রক্রিয়াগুলোর গাণিতিক রূপ, নাম্বারের ব্যবহারসহ প্রজেক্টসমূহের বাস্তবিক দিক নিয়ে তিনি আলোচনা করেন। গণিত অধ্যয়নের গুরুত্ব তুলে ধরে উপাচার্য আরো বলেন, প্লেটোর একাডেমি যেটি প্রায় আটশত বছর স্থায়ী ছিল সেখানে একটি নোটিশ লাগানো ছিল, যাতে লেখা ছিল 'যে গণিত জানেনা তার এ একাডেমিতে প্রবেশ নিষেধ'। নতুন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, তোমরা এ বিভাগ থেকে ডিগ্রী অর্জন করে প্রত্যেকে অন্তত দশজন ক্ষুদে শিক্ষার্থীর মধ্যে গণিতের প্রেরণা তৈরি করে দিতে পারলে আমাদের সমাজে শিক্ষা ও গবেষণায় অভাবনীয় অগ্রগতি সাধিত হবে। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর এ.কে.এম তফজল হক তাঁর বক্তব্যে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগ নিয়মিত শিক্ষা কার্যক্রমের ২২ *পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম বুলেটিন



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

## বাঙালিই বিশ্ব-ইতিহাসে প্রথম ভাষার জন্য রক্তদান করে

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়েছে ২১ ফেব্রুয়ারি ২০২২। এ উপলক্ষে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা-শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর ইউনিভার্সিটির কর্মকর্তা-কর্মচারী, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, গণিত বিভাগ, স্থাপত্য বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, অর্থনীতি বিভাগ, আইন বিভাগ, ইংরেজি বিভাগ, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, ব্যবসা-প্রশাসন বিভাগ ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, চিফ ইঞ্জিনিয়ার মো. আবু তাহের, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের *১৯ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপন

## গণহত্যা শুরুর পর পর বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে ২৬ মার্চ ২০২২। এ উপলক্ষে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও ট্রেজারার প্রফেসর একেএম তফজল হকসহ কর্মকর্তা-কর্মচারী, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগ, সমাজবিজ্ঞান বিভাগ, গণিত বিভাগ, স্থাপত্য বিভাগ, তড়িৎ প্রকৌশল বিভাগ, অর্থনীতি বিভাগ, আইন বিভাগ, ইংরেজি বিভাগ, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ,



ব্যবসা-প্রশাসন বিভাগ এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, চিফ ইঞ্জিনিয়ার মো. আবু তাহের, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার *২০ পৃষ্ঠার ২য় কলাম*


Opportunity to Study Jointly at University of Technology Sydney [UTS], Australia & Premier University.

**Premier University**

Permanently Certified Private University in Chattogram

**Undergraduate Programs**

- B.B.A. (Accounting, Finance, Marketing, Management & H.R.M.)
- B.Sc. in C.S.E.
- B.Sc. in E.E.E.
- Bachelor of Architecture
- B.Sc. (Honors) in Mathematics
- B.A. (Honors) in English
- B.S.S. (Honors) in Economics
- LL.B. (Honors)
- B.S.S. (Honors) in Sociology and Sustainable Development
- Bachelor of Arts in Fashion Design & Technology
- বিএ (অনার্স) বাংলা ভাষা ও সাহিত্য

◆ Students seeking admission to Premier University who have secured G.P.A 5 in both SSC and HSC or equivalent examinations will enjoy 50% waiver for the 1st semester.


◆ Other scholarships are also available.

Online Form Link https://bit.ly/PUCadmission

**Professional Courses**

- Postgraduate Diploma in Library & Information Science
- IoT & Data Analytics
- Amazon Web Service (AWS) Cloud Foundation
- CCNA (Ver 6.0) - Routing and Switching
- চীনা (মান্দারিন) ও জাপানি ভাষা শিক্ষা কোর্স

**Admission Going on**



**Admission Booths**

**Graduate Programs**

- M.B.A. (Regular) (Accounting, Finance, Marketing, H.R.M. & Supply Chain Management)
- M.B.A. (Executive)
- LL.M. (1 year)
- M.Sc. in Mathematics
- M.A. in English (Major in E.L.T. / E.L.L.)
- M.S.S. in Economics (1 year) (Banking & Finance; Development Studies)
- M.S.S. in Economics (Banking & Finance; Development Studies)
- Master of Public Health (MPH) (1.5 year regular Post Graduate Program)
- M.Sc in Computer Science and Engineering
- M.S.S. in Sociology and Sustainable Development

Academic Building- 2 : 1/A, O.R. Nizam Road, Probartak Circle, Chattogram. Academic Building- 4 : 44, Hazari Lane, Kotwali, Chattogram.
Academic Building- 3 : Wasa Circle, Dampara, Chattogram. Academic Building- 5 : 541, O.R. Nizam Road, GEC Circle, Chattogram.

Student seeking admission to Fashion Design and Technology require only C.G.P.A 2 both in SSC and HSC and equivalent examinations

Contact : +880 1313 044515-16 facebook.com/PremierUniversityChittagong



উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ৫৪১, ও.আর. নিজাম রোড, জিইসি, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৯১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong